# বার্ষিক প্রতিবেদন

## ২০১৯-২০২০




**জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)**

গাজীপুর-১৭০১

# জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

গাজীপুর-১৭০১

# বার্ষিক প্রতিবেদন
## ২০১৯-২০২০

**উপদেষ্টা**
**ড. মোঃ আবু সাইদ মিঞা**
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
নাটা, গাজীপুর

**সংকলন ও সম্পাদনায়**
**ড. মোঃ এখলাছ উদ্দিন**
উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), নাটা
**ড. মোঃ ছাইদুর রহমান**
উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা
**ড. মোঃ আব্দুল মাজেদ**
উপপরিচালক (এলআর), সংযুক্ত ঃ নাটা, গাজিপুর
**মোঃ সাইফুল ইসলাম**
সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ ডিজিজ)
**মাহমুদা হক**
সিনিয়র সহকারী পরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন)
**সুমাইয়া শারমিন**
প্রকাশনা কর্মকর্তা, নাটা

**প্রকাশনায়**
**জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)**
গাজীপুর-১৭০১
www.nata.gov.bd
dgnata14@gmail.com

**প্রকাশকাল**
সেপ্টেম্বর ২০২০
সংখ্যা: তৃতীয়
মুদ্রণ সংখ্যা : ৩০০ কপি

**ডিজাইন এন্ড প্রিন্টিং**
কলেজ গেট বাইন্ডিং এন্ড প্রিন্টিং
১/৭, কলেজগেট মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
মোবাইল: ০১৭১১-৩১১৩৬৬, ০১৭০৩-২১৪০৭০
ফোন: ০২ ৪৮১১১৬৬২, ইমেইল : collegegatepress2018@gmail.com

# মূখবন্ধ

কৃষি প্রধান এই বাংলাদেশ। কৃষিই এ দেশের মূল চালিকা শক্তি। এ দেশে প্রতিনিয়ত কমছে জমি, বাড়ছে মানুষ। সময়ের আবর্তনে জলবায়ু পরিবর্তনসহ উদ্ভূত করোনা (Covid-19) মহামারি সংকটে যেখানে মানুষের বেঁচে থাকাটাই মূখ্য চ্যালেঞ্জ, সেখানে কৃষিই পারে বিশাল এই জনগোষ্টির খাদ্য নিরাপত্তা নিশ্চিতে অগ্রণী ভূমিকা রাখতে।

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনুধাবন করেছিলেন যে, কৃষি ক্ষেত্রে উন্নততর গবেষণা, কৃষি সম্প্রসারণ ও কৃষি প্রশিক্ষণ ব্যতিত এ দেশের সামগ্রিক উন্নয়ন কখনোই সম্ভব নয়। সেই লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের একমাত্র প্রশিক্ষণ একাডেমি হিসেবে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি সংশ্লিষ্ট জনবলের দক্ষতা উন্নয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি দপ্তর/সংস্থার কর্মকর্তাদের (৯ম গ্রেড বা তদূর্ধ্ব) আধুনিক প্রযুক্তি ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। অংশীজন প্রতিষ্ঠান সমূহের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ কর্মশালা এবং মত বিনিময় সভার আয়োজন এবং সেই আলোকে প্রশিক্ষণ প্রদানসহ নাটা প্রতি বছর জনপ্রশাসন মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের পরামর্শক্রমে বুনিয়াদি প্রশিক্ষণ ও স্পন্সর্ড প্রশিক্ষণের আয়োজন করে আসছে। এ ছাড়াও দক্ষ জনবল গঠনের অভিলক্ষ্য বাস্তবায়নে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন এবং এর সহায়ক হিসেবে সময়ে সময়ে বিভিন্ন প্রকাশনা ও প্রদর্শনীর আয়োজন করে যাচ্ছে। প্রশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত নিত্য নতুন জ্ঞান এবং মাঠ পর্যায়ে বাস্তব অভিজ্ঞতার আলোকে প্রশিক্ষিত জনবল টেকসই উন্নয়ন অভিষ্ট (SDG) অর্জনে সর্বোচ্চ ভূমিকা পালন করবে। উন্নয়ন ও সমৃদ্ধির সোপানে গড়ে উঠবে ক্ষুধা, দারিদ্র্যমুক্ত বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা। পূরণ হবে বাংলাদেশ সরকারের ভিশন ২০২১, ভিশন ২০৪১ এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এবং সেই সাথে বাংলাদেশ সক্ষম হবে করোনা (Covid-19) এর মতো মহামারির ভয়াবহতা মোকাবেলা করতে।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) প্রতি বছরের ন্যায় এবারও ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে। মানব সম্পদ উন্নয়ন এবং কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনের সকল প্রয়াস এখানে সংক্ষিপ্ত আকারে সন্নিবেশিত হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন কৃষি সংশ্লিষ্ট জনবলের দক্ষতা ও মানবসম্পদ উন্নয়নে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে কার্যকর ভূমিকা পালন করবে বলে আশাবাদ ব্যক্ত করছি। যাদের চিন্তা, মনন, মেধা এবং অক্লান্ত পরিশ্রমের সংমিশ্রণে নাটার এ বার্ষিক প্রতিবেদনটি প্রকাশিত হচ্ছে তাদের সকলের প্রতি রইল আন্তরিক স্নেহাশিস, কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

**ড. মোঃ আবু সাইদ মিঞা**
মহা পরিচালক (ভারপ্রাপ্ত)
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

# সার সংক্ষেপ (Abstract)

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনে উৎকর্ষ কেন্দ্র রূপকল্প বাস্তবায়নের জ সুনির্দিষ্ট মিশনে কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত ১৭ টি প্রতিষ্ঠানের মানব সম্পদের উন্নয়নের সাথে জড়িত উর্ধ্ব কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ চাহিদা নিরুপুণ কর্মশালা আয়োজনের মাধ্যমে প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করে ত আলোকে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি ২০১৯-২০ অর্থ বছরে ২৩ মার্চ ২০ পর্যন্ত কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি প্রতিষ্ঠানের ২৫ ব্যাচে ৭৫০ জন ১ম শ্রেণির কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদা লক্ষ্যমাত্রার বিপরীতে ২৩ ব্যাচে মোট ৬৯৭ জন প্রথম শ্রেণির কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং ২ সেমিনার/ কর্মশালার আয়োজন করা হয়েছে। তাছাড়াও স্পন্সরড প্রশিক্ষণ হিসেবে এন এটি পি প্রকল্পের আও কৃষি সম্প্রসারন অধিদপ্তর (ডিএই) এর ১৬ ব্যাচে ৩৭০ জন এবং কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ শক্তিশালীক প্রকল্পের আওতায় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) এর ১০০ জন কর্মকর্তাকে ৪ ব্যাচে প্রশিক্ষণ দেওয়া হয়ে ২০১৯-২০ অর্থবছরে নাটা ২ টি সেমিনার / কর্মশালার আয়োজন করেছে এবং এতে বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। "জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের আও অনেকগুলি অবকাঠামো নির্মাণ / মেরামত কাজ সম্পাদন করা হয়েছে। আধুনিক কৃষি প্রযুক্তি ও নাটার খামার উ কর্মসূচির আওতায় প্যাডেল থ্রেসার, সীডড্রাম, কোদাল, বেলচা ইত্যাদি সহ মোট ৫৭ টি কৃষি যন্ত্রপাতি ক্রয় সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। উল্লেখ্য, বিগত মার্চ মাসের শেষ হতে কোভিড-১৯ এর জন্য লক-ডাউন থ যদিও ২০১৯-২০ এ কাঙ্ক্ষিত লক্ষ মাত্রা অর্জিত হয়নি, তবে পরবর্তীতে লক্ষ মাত্রার চেয়েও বেশী অর্জনের রয়েছে। বাংলাদেশ সরকারের ভিশন ২০২১, ভিশন ২০৪১ এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ বাস্তবায়নে দক্ষ জ গঠনে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) সদাতৎপর। সময়ে সময়ে প্রয়োজনীয় নতুন নতুন প্রশিক্ষণ প্রদান কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনের মাধ্যমে বর্তমান কোভিড-১৯ মহামারিসহ ভবিষ্যতে উদ্ভূত সকল সমস্যা মোকাবে এবং প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে নাটা সর্বদা অগ্রগামী ভূমিকা রাখায় প্রতিশ্রুতিবদ্ধ।

# সূ চি প ত্র



| নং | বর্ণনা | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | এক নজরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি | ০১ |
| ২ | নাটার অংশীজন | ০২ |
| ৩ | সিটিজেন চার্টার | ০৩ |
| ৪ | জনবল | ০৫ |
| ৫ | ২০১৯-২০ অর্থ বছরে গৃহীত কার্যক্রম এবং অর্জন সমূহ | ০৭ |
| ৬ | ২০১৯-২০ অর্থ বছরে নাটার প্রশিক্ষণ বিবরণী | ০৭ |
| ৭ | প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম | ১০ |
| ৮ | ২০১৯-২০ অর্থ বছরে "এ" (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) ক্যাটাগরির ইন-হাউজ প্রশিক্ষণ | ১২ |
| ৯ | ২০১৯-২০ অর্থ বছরে "বি ও সি" (১০ম হতে ২০তম গ্রেড) ক্যাটাগরি ইন হাউজ প্রশিক্ষণ | ১৩ |
| ১০ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তালিকা | ১৪ |
| ১১ | ২০১৯-২০ অর্থ বছরে নাটার প্রকাশনা সমূহের তালিকা | ১৫ |
| ১২ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প | ১৬ |
| ১৩ | আধুনিক কৃষি প্রযুক্তি প্রদর্শনী ও নাটার খামার উন্নয়ন কর্মসূচি | ১৭ |
| ১৪ | পণ্য/কার্য/বিশেষজ্ঞ সেবা ক্রয় সংক্রান্ত তথ্যাদি | ১৯ |
| ১৫ | N-২৭তম NARS বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণ | ২২ |
| ১৬ | নাটায় "কৃষক-উদ্যোক্তা: বাণিজ্যিক কৃষির উদীয়মান চালক" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত | ২৩ |
| ১৭ | নাটায় নবনিয়োগ | ২৪ |
| ১৮ | মশক নিধন এবং ডেঙ্গু নিয়ন্ত্রণ | ২৫ |
| ১৯ | ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ | ২৬ |
| ২০ | Disaster Management in Agriculture শীর্ষক প্রশিক্ষণ | ২৭ |
| ২১ | "Integrated Water Resource Management in Agriculture" শীর্ষক প্রশিক্ষণ | ২৮ |
| ২২ | বিজয় দিবস ২০১৯ উদযাপন | ২৯ |
| ২৩ | ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯ উদযাপন | ২৯ |
| ২৪ | নাটায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উদযাপন | ৩০ |
| ২৫ | নাটায় 'মুজিব বর্ষ' উদযাপন | ৩১ |
| ২৬ | A Seminar on Life & Works of Bangabandhu for celebrating Mujib Barsho | ৩২ |
| ২৭ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) চত্বরে বৃক্ষরোপণ | ৩৩ |
| ২৮ | স্পন্সরড প্রশিক্ষণ বিবরণী | ৩৩ |
| ২৯ | নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা | ৩৪ |
| ৩০ | "এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন" বিষয়ক প্রশিক্ষণ | ৩৫ |
| ৩১ | শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০২০ | ৩৬ |
| ৩২ | মানুষের শরীরের করোনো ভাইরাস এর বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির কৌশল | ৩৮ |
| ৩৩ | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর মূল্যায়ন | ৪১ |
| ৩৪ | ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (জুলাই' ১৯ - জুন' ২০) মূল্যায়ন প্রতিবেদন | ৪৭ |
| ৩৫ | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ৪৮ |
| ৩৬ | কার্যক্রম সমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্য মাত্রার বিপরীতে বার্ষিক (জুলাই'১৯ - জুন'২০) প্রতিবেদন | ৫১ |
| ৩৭ | উপসংহার | ৫২ |
| ৩৮ | Training Calendar (2020-21) | ৫৩ |
| ৩৯ | Appendix A: List of Faculty Members | ৫৪ |
| ৪০ | শব্দ সংক্ষেপ (Acronyms) | ৫৭ |

# এক নজরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি

## নাটা'র ক্রমবিকাশ

১৯৭৫ খ্রিস্টাব্দে ১৪ মার্চ Japan International Cooperation Agency (JICA) বা জাইকা'র সহায়তা প্রকল্প হিসাবে কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (Central Extension Resource Development Institute - CERDI) বা সার্ডি প্রতিষ্ঠিত হয়। ১৯৮৪ খ্রিস্টাব্দে ২৭ জুন CERDI কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (Department of Agricultural Extension – DAE) বা ডিএই'র প্রশিক্ষণ উইং এর অঙ্গীভূত হয়। সরকারী আদেশ জারির মাধ্যমে ২০১৩ খ্রিস্টাব্দের ০৩ এপ্রিল গেজেট প্রকাশের মাধ্যমে কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (CERDI) বিলুপ্ত হয়ে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (National Agriculture Training Academy – NATA) কৃষি মন্ত্রণালয়ের অন্যতম একটি সংস্থা হিসাবে আত্মপ্রকাশ করে। মহাপরিচালক নিয়োগের মধ্য দিয়ে ২০১৪ খ্রিস্টাব্দের ৭ জুন নাটা'র কার্যক্রম শুরু হয়। নিম্নে ফ্লো-চার্টের মাধ্যমে নাটার ক্রমবিকাশ উপস্থাপন করা হলো-

১৯৭৫ খ্রিস্টাব্দের ১৪ মার্চ জাইকার সহায়তা প্রকল্প হিসেবে কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (সার্ডি) প্রতিষ্ঠা

↓

১৯৭৫ খ্রিস্টাব্দে ২৫ জুন সার্ডির যাত্রা শুরু

↓

১৯৮৪ খ্রিস্টাব্দে ২৭ জুন সার্ডি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ উইং এর অন্তর্ভূক্ত

↓

২০১৩ খ্রিস্টাব্দের ০৩ এপ্রিল সরকারী আদেশ জারির মাধ্যমে সার্ডি বিলুপ্ত এবং
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের অন্যতম সংস্থা হিসেবে আত্মপ্রকাশ

↓

২০১৪ এর ৭ জুন নাটার মহাপরিচালক নিয়োগ ও কার্যক্রম শুরু।

## ভিশন

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিকে কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনে উৎকর্ষের কেন্দ্রে পরিনত করা ।

## মিশন

- মানসম্মত প্রশিক্ষণ প্রদান, গবেষণা, উন্নয়ন এবং প্রকাশনা এর মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ের অধীন সকল প্রতিষ্ঠানের মানব সম্পদের উন্নয়ন;
- কৃষি শিক্ষা, কৃষি গবেষণা, কৃষি সম্প্রসারণ ও কৃষিসহায়ক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে মিথস্ক্রিয়া জোরদারকরণের মাধ্যমে প্রশিক্ষণ সেবার মানোন্নয়ন;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশ-বিদেশের স্বনামধন্য প্রতিষ্ঠানসমূহের সাথে যোগসূত্র গড়ে তোলা; এবং
- জ্ঞানভিত্তিক নিবিড় কৃষি সেবা উন্নয়নের জন্য অবিরাম শিক্ষণ প্রক্রিয়ার চর্চা।

## সেবাসমূহ/কার্যাবলী

১. কৃষি মন্ত্রণালয়ের অধীন সকল প্রতিষ্ঠানসমূহের চাহিদা মাফিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন;

২. বাৎসরিক প্রশিক্ষণ পঞ্জিকা প্রণয়ন এবং তদানুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;
৩. তথ্য ও প্রকাশনা সার্ভিসের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রমের উৎকর্ষ সাধন;
৪. প্রশিক্ষণকে কার্যকর ও ফলপ্রসূ করার জন্য গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা;
৫. ইনডাকশন, ফাউন্ডেশন এবং সিনিয়র স্টাফ কোর্সের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ চাহিদাভিত্তিক সকল চাকুরীকালীন প্রশিক্ষণের আয়োজন;
৬. অবহিতকরণ কর্মসূচিসহ সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ও কনফারেন্সের আয়োজন;
৭. কৃষি নীতিমালার কাঠামো গঠন ও বিশ্লেষণে সরকার এবং নীতি-নির্ধারকদের পরামর্শ প্রদান;
৮. জনপ্রশাসন প্রশিক্ষণ নীতি, ২০০৩ এর আলোকে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা; এবং
৯. সরকার কর্তৃক প্রদত্ত যে কোন দায়িত্ব পালন।

## নাটার অংশীজন (Stakeholders)

| সরকারি প্রতিষ্ঠান | স্বায়ত্বশাসিত সংস্থা |
|---|---|
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE) | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC) |
| তুলা উন্নয়ন বোর্ড (CDB) | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI) |
| কৃষি তথ্য সার্ভিস (AIS) | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) |
| কৃষি বিপণন অধিদপ্তর (DAM) | বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (BSRI) |
| মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI) | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI) |
| বীজ প্রত্যয়ন এজেন্সী (SCA) | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA) |
| | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC) |
| | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA) |
| | বাংলাদেশ ফলিত পুস্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (BIRTAN) |
| | বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট (BWMRI) |

# সিটিজেন চার্টার

## দাপ্তরিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময় সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তাদের প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | • দপ্তর সংস্থা থেকে মনোনয়ন প্রাপ্তি<br>• অনলাইন রেজিস্ট্রেশন/ রেজিস্ট্রেশন<br>• প্রশিক্ষণ প্রদান | ওয়েবপোর্টাল www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | ড. মোঃ আবু সাইদ মিঞা<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>ফোন: ০১৭১২-০২৪৬২৩<br>sayeedplp@gmail.com |
| ২ | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তাদের ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান | • দপ্তর সংস্থা থেকে মনোনয়ন প্রাপ্তি<br>• অনলাইন রেজিস্ট্রেশন/ রেজিস্ট্রেশন<br>• প্রশিক্ষণ প্রদান | ওয়েবপোর্টাল www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | |
| ৩ | বুনিয়াদি প্রশিক্ষণ, ইন্ডাকশন প্রশিক্ষণ, সিনিয়র স্টাফ কোর্সে প্রশিক্ষণ প্রদান | • দপ্তর সংস্থা থেকে মনোনয়ন প্রাপ্তি<br>• অনলাইন রেজিস্ট্রেশন/ রেজিস্ট্রেশন<br>• প্রশিক্ষণ প্রদান | ওয়েবপোর্টাল www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | |
| ৪ | সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ আয়োজন | • দপ্তর সংস্থা থেকে মনোনয়ন প্রাপ্তি<br>• অনলাইন রেজিস্ট্রেশন/রেজিস্ট্রেশন<br>• প্রশিক্ষণ প্রদান | ওয়েবপোর্টাল www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | |

## অভ্যন্তরীণ সেবা

| ক্রম. | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | জিপিএফ অগ্রিম মঞ্জুরী | • আবেদন পত্র প্রাপ্তি<br>• মঞ্জুরী পত্র জারী | জিপিএফ এর প্রত্যয়নপত্র | বিনামূল্যে | ৪ কার্যদিবস | ড. মোঃ ছাইদুর রহমান<br>ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) নাটা, গাজীপুর।<br>ফোন: +৯২৬১০৭৫-৮৮০২<br>sayedur.63@gmail.com |

| ক্র ম. | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ২ | বাসা বরাদ্দ | • আবেদন পত্র প্রাপ্তি<br>• বরাদ্দপত্র জারী | আবেদনপত্র | বিনামূল্যে | বাসা খালি থাকা সাপেক্ষে ৭ কার্যদিবস | |
| ৩ | অর্জিতছুটি, শ্রান্তি-বিনোদন ছুটি | • আবেদন পত্র প্রাপ্তি<br>• পত্র জারী | ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র সহ আবেদন (এজি অফিস ও প্রশাসন শাখা) | বিনামূল্যে | ৪ কার্যদিবস | |
| ৪ | পিআরএল মঞ্জুর | • পিআরএল এর এক মাস পূর্বে আবেদন<br>• আদেশজারী | বয়স প্রমাণের জন্য এসএসসি এর সনদপত্র | বিনামূল্যে | ১০ কার্যদিবস | |
| ৫ | পেনশন মঞ্জুর | • আবেদন পত্র প্রাপ্তি<br>• মঞ্জুরী পত্র জারী | • নির্ধারিত পেনশন আবেদন ফরম ২<br>• পাসপোর্ট সাইজের ছবি<br>• পিআরএল মঞ্জুরীর আদেশ<br>• প্রাপ্য পেনসনারের উত্তরাধিকারী ঘোষনাপত্র<br>• নমূনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ<br>• প্রত্যাশিত শেষ বেতনের সনদ<br>• এসএসসি এর সার্টিফিকেট<br>• দায়িত্ব হস্তান্তরের কপি<br>• সরকারি বাসায় বসবাস না করার প্রত্যয়নপত্র<br>• আনুগত্য সনদপত্র | | | |

| ক্র ম. | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজ পত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | | | • নাগরিকতার সনদপত্র<br>• না দাবী সনদ পত্রমূল-(একটি)<br>• অঙ্গিকার নামা<br>• অডিট প্রত্যয়নপত্র<br>• চাকুরী বিবরণী | | | |

## জনবল
### (৩০ জুন ২০২০ পর্যন্ত)

কৃষি মন্ত্রণালয়ের শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি'র বর্তমান মোট জনবল ১৮৪ জন। কর্মরত জনবলের সংখ্যা ১১২জন। মোট জনবলের ৭২ টি পদ বর্তমানে শূণ্য আছে।

| Classes | Grade | Name of Post | Number of sanctioned post | Present Manpower |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| Class-I (Cadre+Non Cadre) | 2 | Director General | 01 | - |
| | 3 | Director | 02 | 01 |
| | 05 | Deputy Director | 12 | 11 |
| | 05 | System Analyst | 01 | - |
| | 06 | Senior Assistant Director | 17 | 17 |
| | 06 | Programmer | 01 | - |
| | 09 | Publication Officer | 01 | 01 |
| | 09 | Medical Officer | 01 | 01 |
| | 09 | Data Analyst | 01 | - |
| | 09 | Assistant Programmer | 01 | - |
| | 09 | Assistant Maintenance Engineer | 01 | - |
| | 09 | Librarian | 01 | 01 |
| | | **Sub Total** | **40** | **32** |
| Class-II | 10 | Sub- Assistant Engineer (Mechanical) | 01 | |
| | 10 | Physical Instructor | 01 | 01 |
| | 10 | Sub- Assistant Engineer (Printing) | 01 | - |
| | 10 | Demonstrator (Lab) | 07 | 04 |
| | 10 | Sub-Assistant Agriculture Officer (Field) | 01 | 01 |
| | 10 | Nurse | 02 | - |
| | 10 | Administrative Officer | 01 | - |
| | | **Sub Total** | **14** | **06** |
| Class-III | 11 | Printing Machine Operator | 01 | - |
| | 12 | Cataloger | 01 | 01 |
| | 13 | Draftsman | 01 | - |
| | 13 | PA (Steno) | 01 | - |
| | 13 | PA | 01 | - |
| | 13 | Accountant | 01 | - |
| | 13 | Photographer | 01 | - |

| Classes | Grade | Name of Post | Number of sanctioned post | Pre... Man... |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | |
| | | Senior Mechanic | 1301 | |
| | 14 | Audio Visual Operator | 01 | |
| | 14 | Receptionist | 01 | |
| | 14 | Library Assistant | 01 | |
| | 16 | Assistant Printing Machine Operator | 01 | |
| | 16 | Nazir-cum-Cashier | 01 | |
| | 16 | Data entry Operator | 20 | |
| | 16 | Mechanic | 02 | |
| | 16 | Store keeper | 01 | |
| | 16 | Caretaker | 01 | |
| | 16 | Food Processing Technician | 01 | |
| | 16 | Driver | 06 | |
| | - | Driver (Out Sourcing) | 05 | |
| | 16 | Plumber | 01 | |
| | - | Electrician (Out Sourcing) | 01 | |
| | 16 | Head Cook | 01 | |
| | | **Sub Total** | **52** | |
| Class-IV | 17 | Irrigation Pump Operator | 01 | |
| | 18 | Attendant | 13 | |
| | 20 | Office Assistant | 16 | |
| | 20 | Cleaner | 01 | |
| | - | Cleaner (Out Sourcing) | 11 | |
| | - | Attendant (Out Sourcing) | 12 | |
| | 20 | .Mali | 04 | |
| | | Farm Worker | 11 | |
| | - | Farm Worker (Out Sourcing) | 04 | |
| | 20 | Security Guard | 03 | |
| | - | Security Guard (Out Sourcing) | 02 | |
| | | **Sub Total** | **78** | 6... |
| **Grand Total** (I+II+III+IV) | | | **184** | 11... |




জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির ফ্যাকাল্টিবৃন্দ

## ২০১৯-২০ অর্থ বছরে গৃহীত কার্যক্রম এবং অর্জনসমূহ

### প্রশিক্ষণ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। অন্যান্য বছরের মত ২০১৮-১৯ অর্থ বছরেও একাডেমির মূল কাজ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে। ব্যবস্থাপনা ও কারিগরী বিষয়ে এ অর্থবছরে নাটা'র বাজেটে ২৩টি ব্যাচে ৮৩০ জন ১ম শ্রেণীর কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়াও ফাউন্ডেশন ট্রেনিংসহ অন্যান্য স্পন্সর্ড ট্রেনিং এর আয়োজন করা হয়েছিল। বিগত ছয় বছর নাটা কর্তৃক গৃহীত ট্রেনিং কার্যক্রমের তথ্য নিম্নে দেওয়া হলোঃ

**Training activities for the last 6 fiscal years (2014-2015 to 2019-2020)**

| Year | Training | | | | | | | | | | | Seminar.Workshop | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Target | Achievement | | | | | | | | | | Tar get | Achievement | |
| | | Academic | | Sponsored | | Foundation Training | | Induction Training (BIRTAN) | | Total | | | | |
| | Partici pants | Batch | Partici pants | Batch | Partici pants | Batch | Partici pants | Batch | Partici pants | Batch | Partici pants | No. | No. | Partici pants |
| 2014-2015 | 120 | 3 | 120 | 0 | 0 | 0 | 0 | - | - | 3 | 120 | 1 | 1 | 95 |
| 2015-2016 | 450 | 15 | 450 | 0 | 0 | 2 | 72 | - | - | 17 | 522 | 3 | 4 | 320 |
| 2016-2017 | 510 | 18 | 532 | 9 | 232 | 0 | 0 | - | - | 27 | 764 | 2 | 4 | 217 |
| 2017-2018 | 600 | 25 | 725 | 23 | 580 | - | - | 1 | 23 | 49 | 1328 | 3 | 4 | 282 |
| 2018-2019 | 690 | 23 | 830 | 15 | 384 | 2 | 80 | - | - | 40 | 1294 | 3 | 3 | 240 |
| 2019-2020 | 750 | 23 | 697 | 20 | 470 | 1 | 40 | - | - | 44 | | 2 | 2 | 165 |
| **Total** | **3120** | **107** | **3354** | **67** | **1666** | **5** | **192** | **1** | **23** | **180** | **4028** | **14** | **18** | **1319** |

## ২০১৯-২০২০ অর্থবছরে নাটার প্রশিক্ষণ বিবরণী

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে প্রশিক্ষণ পঞ্জিকা অনুযায়ী প্রতি বছর কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার ৯ম ও তদূর্ধ গ্রেডের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে । তারই ধারাবাহিকতায় ২০১৯-২০২০ অর্থবছরের নাটার প্রশিক্ষণ পঞ্জিকা অনুয়ায়ী জুলাই/২০১৯-জুন/২০২০ মাসে নাটার অর্থায়ণে ২৩টি ব্যাচে মোট ৬৯৭ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । নাটায় ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুযায়ী ২৫ ব্যাচে মোট ৭৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও কোভিড-১৯ মহামারি আকারে ছড়িয়ে পড়ায় ২ ব্যাচ ট্রেনিং পরিচালনা করা সম্ভব হয়নি। এছাড়াও স্পন্সরড ট্রেনিং হিসেবে জুলাই/২০১৯-জুন/২০২০ মাসে নাটায় এনএটিপি প্রকল্প (ডিএই) এর আওতায় ১৬ ব্যাচে ৩৭০ জন এবং এটিআই এর ৪ ব্যাচে ১০০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২০ সালের মার্চ মাস হতে কোভিড-১৯ মহামারি আকারে ছড়িয়ে পড়ায় ২৩ ফেব্রুয়ারি ২০২০ হতে শুরু হওয়া ৪ মাস ব্যাপী এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি ২৫ মার্চ ২০২০ তারিখে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশে স্থগিত করা হয়। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে প্রতিটি প্রশিক্ষণ কোর্স বিষয়ভিত্তিক দক্ষ রিসোর্স স্পিকারের উপস্থাপনার মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। ফলে কৃষির সর্বশেষ প্রযুক্তি সম্পর্কে প্রশিক্ষণার্থীরা অবহিত হতে পারেন।

| ক্র.নং | কোর্সের নাম | কোর্স সমন্বয়কারীর নাম ও পদবী | সময়কাল |
|---|---|---|---|
| ১ | Modern Office Management | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ২৫ আগস্ট- ৩ সেপ্টেম্বর/২০১৯ |
| ২ | Seed Technology | ড. মুহম্মদ শরিফুল ইসলাম উপপরিচালক | ২৫ আগস্ট- ৩ সেপ্টেম্বর/২০১৯ |
| ৩ | Advance ICT Management | আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম উপপরিচালক | ১৫ সেপ্টেম্বর- ২৪ সেপ্টেম্বর/২০১৯ |
| ৪ | Public Procurement Procedure | মোঃ তাহাজুল ইসলাম সিনিয়র সহকারী পরিচালক | ১৫ সেপ্টেম্বর- ২৪ সেপ্টেম্বর/২০১৯ |
| ৫ | Food Processing and Preservation Technique | ড. মোঃ মঈন উদ্দিন উপপরিচালক | ২৯ সেপ্টেম্বর- ৩ অক্টোবর/২০১৯ |
| ৬ | Commercial Farm Management | ড. মুহাম্মদ শরিফুল ইসলাম উপপরিচালক | ২৯ সেপ্টেম্বর- ৩ অক্টোবর/২০১৯ |
| ৭ | Project Appraisal and Formulation of DPP | মোঃ তাহাজুল ইসলাম সিনিয়র সহকারী পরিচালক | ১৩ অক্টোবর- ১৭ অক্টোবর/২০১৯ |
| ৮ | Eco Friendly Plant Protection Techniques | ড. মো: জামাল উদ্দিন উপপরিচালক | ১৩ অক্টোবর- ২২অক্টোবর/২০১৯ |
| ৯ | Disaster Management in Agriculture | ড. মোঃ আঃ মাজেদ উপপরিচালক | ২৭ অক্টোবর- ৩১অক্টোবর/২০১৯ |
| ১০ | Food Security | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ২৭ অক্টোবর- ৩১অক্টোবর/২০১৯ |
| ১১ | Public Financial Management | রঞ্জিত কুমার পাল উপপরিচালক | ৩ নভেম্বর- ৭ নভেম্বর/২০১৯ |
| ১২ | Good Governance | ড. মো: জামাল উদ্দিন উপপরিচালক | ৩ নভেম্বর- ৭ নভেম্বর/২০১৯ |
| ১৩ | TOT on Teaching Method/Techniques | আনোয়ারা আখতার উপপরিচালক | ৩ নভেম্বর- ৭ নভেম্বর/২০১৯ |
| ১৪ | Rules & Regulation for Organizational Management | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ২৪ নভেম্বর- ২৮ নভেম্বর/২০১৯ |
| ১৫ | Integrated Water Resource Management in Agriculture | রঞ্জিত কুমার পাল উপপরিচালক | ০১ ডিসেম্বর- ০৫ ডিসেম্বর ২০১৯ |
| ১৬ | Soil Health Management | মুসফিকা হাসনীন চৌধুরী সিনিয়র সহকারী পরিচালক | ০৮ ডিসেম্বর- ১২ ডিসেম্বর ২০১৯ |
| ১৭ | Climate Smart Agriculture | ড.মোঃ মঈন উদ্দিন উপপরিচালক | ০৮ ডিসেম্বর- ১২ ডিসেম্বর ২০১৯ |
| ১৮ | Public Financial Management | রঞ্জিত কুমার পাল উপপরিচালক | ২৬ জানুয়ারি- ৩১ জানুয়ারি ২০২০ |
| ১৯ | Rules & Regulation for Organizational Management | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ২ ফেব্রুয়ারি- ৬ ফেব্রুয়ারি ২০২০ |
| ২০ | Value Chain Mangement of Commercially Important Horticultural Crops | মো: মাহমুদ হাসান উপপরিচালক | ২ ফেব্রুয়ারি- ৬ ফেব্রুয়ারি ২০২০ |

| ক্র.নং | কোর্সের নাম | কোর্স সমন্বয়কারীর নাম ও পদবী | সময়কাল | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ২১ | Human Resource Management (HRM). | মুসফিকা হাসনীন চৌধুরী সিনিয়র সহকারী পরিচালক | ১ মার্চ- ৫ মার্চ ২০২০ | ৩১ |
| ২২ | Good Agricultural Practices | মো: মাহমুদ হাসান উপপরিচালক | ৮ মার্চ- ১২ মার্চ ২০২০ | ৩০ |
| ২৩ | Innovation in Public Service | ড. মোঃ ছাইদুর রহমান উপপরিচালক | ৮ মার্চ- ১২ মার্চ ২০২০ | ২৭ |
| | | | মোট = | ৬৯৭ |

## অন্যান্য প্রশিক্ষণ বিবরণী (স্পন্সরড)

| ক্র. নং | কোর্সের নাম | কোর্স সমন্বয়কারীর নাম ও পদবী | সময়কাল | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | Modern Crop Production Technology | আনোয়ারা আখতার উপপরিচালক | ২৯ সেপ্টেম্বর- ৩০ সেপ্টেম্বর/২০১৯ | ২৫ |
| ২ | Modern Crop Production Technology | আনোয়ারা আখতার উপপরিচালক | ১ অক্টোবর- ২ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ৩ | Modern Crop Production Technology | আনোয়ারা আখতার উপপরিচালক | ০৬ অক্টোবর- ০৭ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ৪ | Modern Crop Production Technology | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ০৬ অক্টোবর- ০৭ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ৫ | Modern Crop Production Technology | আনোয়ারা আখতার উপপরিচালক | ০৯ অক্টোবর- ১০ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ৬ | Modern Crop Production Technology | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ০৯ অক্টোবর- ১০ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ৭ | Information and Communication Technology ( ICT) | আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম উপপরিচালক | ১৩ অক্টোবর- ২৪ অক্টোবর/২০১৯ | ২০ |
| ৮ | Modern Crop Production Technology | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ২৩ অক্টোবর- ২৪ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ৯ | Modern Crop Production Technology | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ২৩ অক্টোবর- ২৪ অক্টোবর/২০১৯ | ২৫ |
| ১০ | Modern Crop Production Technology | আনোয়ারা আখতার উপপরিচালক | ১৭ নভেম্বর- ১৮ নভেম্বর/২০১৯ | ২৫ |
| ১১ | Modern Crop Production Technology (NATP-DAE) | মো: জামাল উদ্দিন উপপরিচালক | ১৭ নভেম্বর- ১৮ নভেম্বর/২০১৯ | ২৫ |
| ১২ | Information and Communication Technology ( ICT) | খবীরুন্নাহার সিনিয়র সহকারী পরিচালক | ১৭ নভেম্বর- ২৮ নভেম্বর/২০১৯ | ২০ |

| ক্র. নং | কোর্সের নাম | কোর্স সমন্বয়কারীর নাম ও পদবী | সময়কাল |
|---|---|---|---|
| ১৩ | Information and Communication Technology ( ICT) | মো: জামাল উদ্দিন<br>উপপরিচালক | ০১ ডিসেম্বর-<br>১২ নভেম্বর/২০১৯ |
| ১৪ | Information and Communication Technology ( ICT) | আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম<br>উপপরিচালক | ২৯ ডিসেম্বর-<br>৯ জানুয়ারি/২০১৯-২০ |
| ১৫ | Information and Communication Technology (ICT) | মো: জামাল উদ্দিন<br>উপপরিচালক | ১২ জানুয়ারি-<br>১৩ জানুয়ারি/২০১৯-২০ |
| ১৬ | Information and Communication Technology (ICT) | আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম<br>উপপরিচালক | ২৬ জানুয়ারি-<br>৬ ফেব্রুয়ারি/২০২০ |
| ১৭ | Capacity Development of ATI Officer | আনোয়ারা আখতার<br>উপপরিচালক | ০৮ ফেব্রুয়ারি-<br>১০ ফেব্রুয়ারি/২০২০ |
| ১৮ | Capacity Development of ATI Officer | মো: মাহমুদ হাসান<br>উপপরিচালক | ০৮ ফেব্রুয়ারি-<br>১০ ফেব্রুয়ারি/২০২০ |
| ১৯ | N-27th Foundation Training Course for NARS Scientists | মো: জামাল উদ্দিন<br>উপপরিচালক এবং<br>ড. মো: আব্দুল মাজেদ<br>উপপরিচালক | ২৩ ফেব্রুয়ারি/২০২০- ...<br>জুন/২০২০ |
| ২০ | Capacity Development of ATI Officer | মো: মাহমুদ হাসান<br>উপপরিচালক | ২৫ ফেব্রুয়ারি-<br>২৭ ফেব্রুয়ারি/২০২০ |
| ২১ | Capacity Development of ATI Officer | মো: মাহমুদ হাসান<br>উপপরিচালক | ২৫ ফেব্রুয়ারি-<br>২৭ ফেব্রুয়ারি/২০২০ |
| | | | মো... |

## প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়ন কার্যক্রম

### পেশাগত দক্ষতা উন্নয়ন

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে কর্মরত কর্মকর্তাগণ প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি ... প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নিয়ে থাকেন। এতে প্রশিক্ষণ ব্যবস্থাপনা, প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণ চাহিদা নিরুপণসহ ... কর্মকর্তরা আরো বেশি দক্ষ হয়ে ওঠেন। ২০১৯-২০ অর্থবছরে কর্মকর্তাগণের বিভিন প্রশিক্ষণ, সেমি... অংশগ্রহণের তথ্য নিম্নের ছকে উল্লেখ করা হল-

| নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রশিক্ষণের নাম | প্রতিষ্ঠানের নাম | |
|---|---|---|---|---|
| ১ | মোঃ জামাল উদ্দীন,<br>উপপরিচালক (কীটতত্ত্ব) | সরকারী অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন | BIM, Dhaka | ০... |
| ২ | ড. মোঃ জামাল উদ্দিন,<br>উপপরিচালক (রোগতত্ত্ব) | Sustainable Development | NAPD, Dhaka | ০... |
| ৩ | মোঃ ইসকান্দার হোসেন,<br>সিনিয়র সহকারী পরিচালক<br>(সবজি ও মসলা) | Project Cycle Management on Sustainable and Climate Smart Agriculture for Government Officials | GTI, BAU, Mymensingh | ০... |

| নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রশিক্ষণের নাম | প্রতিষ্ঠানের নাম | সময়কাল |
|---|---|---|---|---|
| ৪ | মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ ডিজিজ) | Project Cycle Management on Sustainable and Climate Smart Agriculture for Government Officials | GTI, BAU, Mymensingh | ০১-০৫/১২/২০১৯ |
| ৫ | শামসুন্নাহার, সিনিয়র সহকারী পরিচালক (ফিল্ড ক্রপ ডিজিজ) | Human Resource Management | NAPD, Dhaka | ২০-২৫/১০/২০১৯ |
| ৬ | নাঈমা সুলতানা, সিনিয়র সহকারী পরিচালক (কৃষি অর্থনীতি) | সরকারী অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন | BIM, Dhaka | ০২-০৩/১১/২০১৯ |
| ৭ | নাঈমা সুলতানা, সিনিয়র সহকারী পরিচালক (কৃষি অর্থনীতি) | Rural Invest | RDA, Bogura | ২১-২৫/০৭/২০১৯ |
| ৮ | মোঃ শাহিনুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক (ফিল্ড ক্রপ পেস্ট) | Rural Invest | RDA, Bogura | ২১-২৫/০৭/২০১৯ |
| ৯ | ড. মোঃ জামাল উদ্দিন উপপরিচালক (রোগতত্ত্ব) | Basic Procurement | CPTU (IMED) | ১১-২৮/০১/২০২০ |
| ১০ | মোঃ আবুল কালাম আজাদ সিনিয়র সহকারী পরিচালক (কৃষি যন্ত্রপাতি ও পানি ব্যবস্থাপনা) | Rural Invest | RDA, Bogura | ০২-০৬/০২/২০২০ |
| ১১ | মোছাঃ শারমীন আকতার সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ পেষ্ট) | Rural Invest | RDA, Bogura | ০২-০৬/০২/২০২০ |
| ১২ | মোঃ সাইফুল ইসলাম সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ ডিজিজ) | Rural Invest | RDA, Bogura | ০২-০৬/০২/২০২০ |
| ১৩ | শামসুন্নাহার সিনিয়র সহকারী পরিচালক (ফিল্ড ক্রপ ডিজিজ) | Rural Invest | RDA, Bogura | ০২-০৬/০২/২০২০ |




নাটায় কর্মরত কর্মকর্তার প্রশিক্ষণে অংশগ্রহণ

## ২০১৯-২০২০ অর্থবছরে“এ” (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) ক্যাটাগরির ইন-হাউজ প্রশিক্ষণ

২০১৬ সালে জন প্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত জনপ্রশাসন মন্ত্রণালয় এর আওতাধীন গণ কর্মচারীদের জন্য বা... ৬০ ঘন্টা প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রণীত সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি ... প্রতিবছর ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য বিভিন্ন বিষয়ের উপর ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করে আসছে ... ধারাবাহিকতায় ২০১৯-২০২০ অর্থ বছরের জুলাই/২০১৯-জুন/২০২০ সময়ে নাটায় ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের ৩০ ... কর্মচারীকে বিভিন্ন বিষয়ের উপর প্রতিমাসে ৫ ঘন্টা করে ৯ মাসে মোট ৪৫ ঘন্টার ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ...

২০২০ সালের মার্চ মাস হতে কোভিড-১৯ মহামারি আকারে ছড়িয়ে পড়ায় এবং গাজীপুর জেলা কোভিড-১৯ এর ... জোনের আওতাভুক্ত হওয়ায় নাটায় এপ্রিল-জুন/২০ এই ৩(তিন) মাসে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব ... কর্মকর্তাদের মধ্যে প্রাতিষ্ঠানিক কর্মদক্ষতা বৃদ্ধি, দৃঢ় ব্যক্তিত্বের গঠন, সৃজনশীলতা, কর্মক্ষেত্রে সহায়ক পরিবেশ তৈরি ... নেতৃত্বের গুনাবলী বৃদ্ধিতে অনুপ্রাণিত করাই ছিল এই প্রশিক্ষণের মূল লক্ষ্য।

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক বাস্তবায়িত ২০১৯- ২০২০অর্থ বছরের জুলাই/১৯-জুন/২০ সময়ে “এ” ... ও তদুর্ধ্ব গ্রেড) ক্যাটাগরি ইন-হাউজ প্রশিক্ষণে যে সব গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে তা হল- Pro... Development Cycle; Logical Framework, Development Project Proposal Formulation; Delegat... Financial Power for Development Project and Fund Release Procedure, Different Procurement Me... Basic Concept of VAT; আয়কর , আইন, ও বিধি; ব্যক্তি শ্রেণি করদাতাদের আয়কর পরিগণনা ; ব্যক্তি ... করদাতাদের রির্টান ফর্ম পূরণ ; সরকারি সংস্থার ভ্যাট কর্তনের নিয়মনীতি ; Motivation Approaches in Te... Learning; Writing Learning Outcomes; Preparation of Lesson Plan; Development of Agriculture; ... Security; Basic Features of PPA 2006 and PPR 2008; Different Procurement Methods; E-procure... Preparation of Standard Document and TOR। ইনহাউজ প্রশিক্ষণ কোর্সে নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষ ও বাস্তব অ... সম্পন্ন রিসোর্স স্পিকারগণ সেশন পরিচালনা করেছেন। যেমন, অতিরিক্ত সচিব; অর্থ মন্ত্রণালয়; যুগ্ম সচিব, কৃষি ম... বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর সম্মানিত শিক্ষকবৃন্দ; প্রাক্তন মহাপরিচালক, নাটা; যুগ্মকমিশনার (ট্যাক্স), ঢাকা; ... ও সিনিয়র সহকারী প্রধান, কৃষি মন্ত্রণালয় এবং নাটার সম্মানিত অনুষদবর্গ। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) ... বাস্তবায়িত ২০১৯-২০২০ অর্থবছরে “এ” (৯ম ও তদুর্ধ্ব গ্রেড) ক্যাটাগরির ইন-হাউজ প্রশিক্ষণের উপদেষ্টা ও ... পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন নাটার সম্মানিত মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা; কোর্স কো অ... হিসেবে দায়িত্ব পালন করেন আনোয়ারা আখতার উপপরিচালক, নাটা, গাজীপুর এবং ড. মোঃ এখলাছ ... উপপরিচালক, নাটা, গাজীপুর। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন শীর্ষ প্রশিক্ষণ প্র... যার প্রধান অঙ্গীকার হলো যোগ্য এবং দক্ষ মানবসম্পদ সৃষ্টি করা। দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য নাটা প্রশিক্ষণ ... কর্মশালা, সেমিনার, সিম্পোজিয়াম আয়োজনের পাশাপাশি সংস্থার কর্মকর্তাদের পেশাগত দক্ষতা উন্নয়নের জন্য নি... ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করে আসছে ।



“এ” (৯ম ও তদূর্ধ্ব গ্রেড) ক্যাটাগরির ইন-হাউজ প্রশিক্ষণে নাটার ফ্যাকাল্টিবৃন্দ

## ২০১৯-২০ অর্থ বছরে 'বি' ও 'সি' (১০ম হতে ২০ তম গ্রেড) ক্যাটাগরি ইন হাউজ প্রশিক্ষণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৬ সন থেকে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য ইন-হাউজ প্রশিক্ষণ প্রথা চালু করেন। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে ২০১৯-২০ অর্থ বছরে জুলাই/২০১৯ থেকে মার্চ/২০২০ পর্যন্ত ৯ মাসে ৯দিন/৪৫ ঘন্টা ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়। জুলাই/২০১৯ থেকে জানুয়ারি/২০২০ পর্যন্ত ১৮ জন কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়। তারপর ফেব্রুয়ারি/২০২০ এ নতুন নিয়োগ প্রাপ্ত কর্মচারীগণ যোগদানের পর থেকে ৩৮ জন কর্মচারীকে নিয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়। বি-ক্যাটাগরি ইনহাউজ প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ড. আবু সাইদ মিঞা, মহাপরিচালক, নাটা, মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক (কৃষিতত্ত্ব), মাহমুদ হাসান, উপপরিচালক (উদ্যানতত্ত্ব); ড. মোঃ এখলাস উদ্দিন, উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা); ড. মোঃ ছাইদুর রহমান, উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস); ড. মোঃ আব্দুল মাজেদ, উপপরিচালক (এলআর), ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব), মোসাঃ মুসফিকা হাসনীন চৌধুরী, সিনিয়র সহকারী পরিচালক, আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পরিচালক; মোঃ ইসকান্দার হোসেন, সিনিয়র সহকারী পরিচালক; শামসুননাহার, সিনিয়র সহকারী পরিচালক; লায়লাতুল রোকসানা লিমা, সিনিয়র সহকারী পরিচালক; নাঈমা সুলতানা, সিনিয়র সহকারী পরিচালক; শামীমা আক্তার, সিনিয়র সহকারী পরিচালক।

**প্রশিক্ষণার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়:-**

১. ছুটি বিধিমালা
২. সরকারি কর্মচারী আচরণ বিধিমালা
৩. গণকর্মচারী (নিয়মিত উপস্থিতি) ১৯৮২
৪. উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আচরণ
৫. সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা, ২০১৮
৬. সরকারী কর্মচারীর দায়িত্ব ও কর্তব্য এবং অধিকার
৭. বিভিন্ন প্রকার রেজিস্টার ব্যবস্থাপনা
৮. বিভিন্ন প্রকার পত্র ও লিখন পদ্ধতি
৯. টেকসই উন্নয়ন সক্ষমতা অর্জনে নাটার ভূমিকা
১০. পেনশন বিধিমালা ও পেনশন সহজীকরণ, বিভিন্ন প্রকার অগ্রিম গ্রহণ
১১. দাপ্তরিক কাজে টিম ওয়ার্ক
১২. নাটা উন্নয়ন নীতি
১৩. সরকারী কর্মচারীদের জন্য কল্যাণমূলক পদক্ষেপ

**উপরোক্ত বিষয়ে প্রশিক্ষণ নিয়ে কর্মচারীরা যে সব বিষয়ে অভিজ্ঞ ও পারদর্শী হয়ে উঠে তা হলোঃ**

১. সংস্থার কাজের ধারা সম্পর্কে বিস্তৃত ধারনা লাভ করে।
২. অফিস ব্যবস্থাপনা এবং হিসাব নিরীক্ষা বিষয়ে দাপ্তরিক দক্ষতা লাভ করে ।
৩. পেশাগত দক্ষতা লাভ করে।
৪. কম্পিউটার ব্যবহারে অভ্যস্ত হয়।
৫. গনমুখী এবং জনকল্যানমূখী হতে উদ্বুদ্ধ হয়।
৬. জাতীয় সম্পদের অপচয় রোধ ও সুষ্ঠ ব্যবহারে সচেতন হয়।

বি-ক্যাটাগরি প্রশিক্ষণে কোর্স কো-অর্ডিনেটর ও সহকারী কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে ড. মোঃ মঈন উদ্দিন, উপপরিচালক এবং নিলুফা আক্তার, সিনিয়র সহকারী পরিচালক। সকল অনুষদ সদস্যদের সার্বিক সহযোগিতা এবং কর্মচারীদের একান্ত ইচ্ছার প্রতিফলন হিসেবে এ প্রশিক্ষণ সফলতা লাভ করেছে। বিশ্বব্যাপী মহামারী কোভিড-১৯ এর কারণে এপ্রিল/২০২০ থেকে জুন/২০২০, ৩ মাস প্রশিক্ষণ স্থগিত ছিল। এ প্রশিক্ষণ অব্যাহত থাকলে কর্মচারীদের কাজের গুণগতমান আচার ব্যবহারসহ অন্যান্য কাজের সৃজনশীলতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে।

## জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তালিকা

| ক্র:নং. | বিষয় | ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবী | টেলিফোন/মোবাইল |
|---|---|---|---|
| ১ | ক) প্রশিক্ষণ | ড. মোঃ আবু সাইদ মিঞা<br>পরিচালক (প্রশিক্ষণ) | ০২- ৪৯২৭[illegible]<br>০১৭১২-০২[illegible]<br>sayeedplp@g[illegible] |
| ২ | ক) তথ্য অধিকার আইন<br>খ) মামলা বিষয়ক | আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম<br>উপপরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন) | ০২- ৪৯২৭[illegible]<br>০১৭১২-৬০[illegible]<br>shaheenbinod@[illegible] |
| ৩ | ক) জাতীয় শুদ্ধাচার কৌশল<br>খ) টেকসই উন্নয়ন অভিষ্ট | ড. মো: জামাল উদ্দিন<br>উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব) | ০২- ৪৯২৭[illegible]<br>০১৭১২-২৭[illegible]<br>jamaldae@ya[illegible] |
| ৪ | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি<br>খ) পরিকল্পনা ও বাজেট | ড. মোঃ এখলাছ উদ্দিন<br>উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা) | ০২- ৪৯২৭[illegible]<br>০১৭১৬-২৫[illegible]<br>akhlas.uddin@[illegible] |
| ৫ | ক) প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন<br>খ) জাতীয় সংসদ বিষয়ক কার্যক্রম | ড. মোঃ মঈন উদ্দিন<br>উপপরিচালক (ফুড টেকনোলজি) | ০২- ৪৯২৭২[illegible]<br>০১৭১১-৯৬[illegible]<br>mayen.dae85@[illegible] |
| ৬ | ক) আইসিটি ও ইনোভেশন<br>খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা<br>গ) সমন্বয় সভা | ড. মোঃ ছাইদুর রহমান<br>উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) | ০২-৪৯২৭২১[illegible]<br>০১৫৫২৪৯৫[illegible]<br>sayedur.63@gm[illegible] |
| ৭ | ক) পরিসংখ্যানগত তথ্য উপাত্ত প্রাপ্তি | মাহমুদা হক<br>সিনিঃসহঃপরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন) | ০১৭১৮-৪২৫[illegible]<br>mahmudahuq15@[illegible] |
| ৮ | ক) সাংগঠনিক কাঠামো হালনাগাদ ও অনুমোদন ত্বরান্বিত করা | মোছা: শারমীন আখতার<br>সিনিঃসহঃ পরিচালক (হর্টিকালচার ক্রপ পেস্ট) | ০১৭১১৭৩৬৫[illegible]<br>slaboni1980@gm[illegible] |

# ২০১৯-২০ অর্থবছরে নাটার প্রকাশনা সমূহের তালিকা

১) নাটা বুলেটিন:

| ক্র: নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জানুয়ারি- জুন, ২০১৮ সময়ের নাটা বুলেটিন-২৮ পৃষ্ঠা | ২০০ | |
| ২ | জুলাই -ডিসেম্বর, ২০১৯ সময়ের নাটা বুলেটিন-২৮ পৃষ্ঠা | ২০০ | |

২) কোর্স গাইড লাইন:

| ক্র: নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | Seed Technology | - | নাটার ওয়েবসাইটে প্রদত্ত |
| ২ | Advanced ICT Management | - | ঐ |
| ৩ | Public Procurement Management | - | ঐ |
| ৪ | Modern Office Management | - | ঐ |

৩) কোর্স কমপ্লিশন রিপোর্ট:

| ক্র: নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | Food Processing and Preservation Techniques | - | নাটার ওয়েবসাইটে প্রদত্ত |
| ২ | Advanced ICT Management | - | ঐ |
| ৩ | Project Appraisal and Formulation of Development Project Proforma (DPP) | - | ঐ |
| ৪ | Eco Friendly Plant Protection Technology | - | ঐ |
| ৫ | Food Security | - | ঐ |
| ৬ | Modern Office Management | - | ঐ |
| ৭ | Public Financial Management | - | ঐ |
| ৮ | Value Chain Management of Economically Important Horticultural Crops in Bangladesh | - | ঐ |
| ৯ | Climate Smart Agriculture | - | ঐ |
| ১০ | Disaster Management | - | ঐ |
| ১১ | Public Procurement Management | - | ঐ |
| ১২ | Soil Health Management | - | ঐ |
| ১৩ | Good Agricultural Practices for the Production of Safe Fruits and Vegetables | - | ঐ |
| ১৪ | ToT on Teaching Methods and Techniques | - | ঐ |
| ১৫ | Good Governance | - | ঐ |

৪) অন্যান্য প্রকাশনা:

| ক্র: নং | প্রকাশনার বিবরন | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | Brochure of N-27$^{th}$ Foundation Training Course for NARS Scientist | ১০০ | |

# জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প

## প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি:

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্প |
| উদ্যোগী মন্ত্রণালয় | : | কৃষি মন্ত্রণালয় |
| প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা | : | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর |
| প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (স্থানীয় মুদ্রায়) | : | ৫২৮৮.৪৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) (আরডিপিপি)<br>এল.জি.ই.ডি.-৩৯৮৮.৮২ লক্ষ টাকা (৭৫.০০%)<br>নাটা- ১২২০.৬২ লক্ষ টাকা (২৫.০০%) |
| প্রকল্প বাস্তবায়নকাল | : | অক্টোবর ২০১৫- জুন ২০২১ খ্রি. |
| একনেক কর্তৃক প্রকল্প অনুমোদন | : | ৫ জানুয়ারি ২০১৬ খ্রি. |
| পরিকল্পনা বিভাগ কর্তৃক অনুমোদন | : | ১১ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি. |
| কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন | : | ১৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি. |
| প্রকল্প বাস্তবায়ন এলাকা | : | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর |

## প্রকল্পের মূল উদ্দেশ্য:

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করা এবং প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকায়ন।

- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করা এবং প্রশিক্ষণ সুবিধাদির আধুনিকায়ন।
- মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের উপযোগী করার জন্য একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন।
- জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধি।

## প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- একাডেমির অবকাঠামো উন্নয়নের জন্য ৩ তলা আধুনিক ট্রেনিং কমপ্লেক্স, ৬ তলা ডরমিটরি, ২ তলা ডি... ৪ তলা মেডিকেল সেন্টার, গেস্ট হাউজ, অফিসার্স ডরমিটরি ও ডে-কেয়ার সেন্টারসহ অন্যান্য অবকাঠামো...
- বিদ্যমান ডরমিটরি, অফিস ভবন, আবাসিক ভবন ও লেবার শেড মেরামত এবং অডিটরিয়াম আধুনি... ক্যাফেটেরিয়া সম্প্রসারণ।
- মানসম্পন্ন আধুনিক প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ সামগ্রী, অফিস সরঞ্জাম, ইলেকট্রি... আসবাবপত্র এবং কৃষি যন্ত্রপাতি ক্রয়।
- নেটওয়ার্কিং এবং বই/সাময়িকী/জার্নাল ক্রয়।
- ১টি জীপ, ২টি ডাবল কেবিন পিকআপ, ১টি মাইক্রোবাস, ১টি বাস এবং ১টি মটরসাইকেল ক্রয়।
- বিভিন্ন ধরনের প্রশিক্ষণ ও ওয়ার্কশপ আয়োজন।

## ২০১৯-২০ অর্থবছরের প্রধান প্রধান কার্যক্রম: ২০১৯-২০

অর্থবছরের আরএডিপিতে প্রকল্পের রাজস্বখাতে ৩৮১.০০ লক্ষ টাকা এবং মূলধনখাতে ৯৬৭.০০ লক্ষ টাকাসহ ... ১৩৪৮.০০ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ৩০ জুন ২০১৯ পর্যন্ত ব্যয় হয়েছে ১১৫৮.০০ লক্ষ টাকা (৮৫.৯০%) এবং ... মেরামত কাজের ভৌত অগ্রগতি ৮৬%। যে সকল কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে সেগুলি হলো- আবাসিক ভবন, ... ভবন (অফিস), ডরমিটরি রিমডেলিং, ডরমিটরি রিনোভেশন, রাস্তা মেরামত (আবাসিক), ট্রেনিং কমপ্লেক্স, আর.সি... (ফার্ম রোড টু বাউন্ডারি ওয়াল), ফার্মরোড, আর.সি.সি সারফেস ফার্ম ড্রেন, সাবমারসিবল পাম্প স্থাপন, বাউন্ডারি... চলমান কাজগুলি হলো- লেবার শেড, বাউন্ডারি ওয়াল (অফিস), বাউন্ডারি ওয়াল (আবাসিক), ডিজি বাংলো, ... নির্মাণ, মেডিকেল সেন্টার কাম ডে কেয়ার সেন্টার কাম গেস্ট হাউজ কাম অফিসার্স ডরমিটরি, আর.সি.সি (লি... বিল্ডিং), করিডোর, মেইন গেইট, রিসিপশন কর্নার, এক্সটারনাল ইলেকট্রিফিকেশন। আগামী অর্থবছরে (২০২... সমস্ত কাজ গুলি বাস্তবায়ন হবে- অডিটরিয়াম আপগ্রেডেশন, ক্যাফেটেরিয়া এক্সটেনশন, আর.সি.সি রোড (অফিস... রোড) ড্রেনসহ, আর.সি.সি সারফেস ড্রেন (৪ ফুট স্লাব সহ)।



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি শক্তিশালীকরণ প্রকল্পের মাধ্যমে নাটার বাউন্ডারি ওয়াল মেরামতকরণ

## আধুনিক কৃষি প্রযুক্তি প্রদর্শনী ও নাটার খামার উন্নয়ন কর্মসূচি

**কর্মসূচির উদ্দেশ্য:**

১. খামারের আধুনিক কৃষি যন্ত্রপাতি ও ভৌত অবকাঠামো সৃষ্টির মাধ্যমে ফলিত গবেষণা প্রদর্শণী স্থাপন করে প্রশিক্ষণে ব্যবহারিক ক্লাসকে সজীব (লাইভ) করা;

২. আধুনিক কৃষি যন্ত্রপাতি ও জলবায়ু সহনশীল টেকসই কৃষি প্রযুক্তি প্রশিক্ষণার্থী কর্মর্তাগণের মাধ্যমে সম্প্রসারণ:

৩. সর্বোপরি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)-এর Goal-১ : Target ১.১; Goal-২: Target ২.১, ২.৩, ২.৪; এবং Goal-১২: Target ১২.৩; Goal-১৫: Target ১৫.৩ অর্জনে অবদান রাখা

**বাস্তবায়নের অবস্থা :**

কর্মসূচির বাস্তবায়নকাল:

| পিপি মোতাবেক বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিরিক্ত ব্যয় (মূল ব্যয়ের % ) | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রাথমিক | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১-০৭-২০১৭ খ্রি: হতে ৩০-০৬-২০২০খ্রি: | প্রযোজ্য নয় | ০১-০৭-২০১৭ খ্রি: হতে ৩০-০৬-২০২০খ্রি: | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

**কর্মসূচীর ব্যয়: (লক্ষ টাকায়)**

| বিবরণ | প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয়ঃ | অতিরিক্ত ব্যয় (মূল ব্যয়ের % ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | প্রাথমিক | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মোট | ১১২.৭৫ লক্ষ | ১১২.৭৫ লক্ষ | ৮৬.৩৫ লক্ষ টাকা | প্রযোজ্য নয় | প্রকৃত ছাড় ৯০.৫৪৫ লক্ষ টাকা |

## কর্মসূচির আর্থিক ও ভৌত অগ্রগতি:

### কম্পোনেন্ট-ভিত্তিক অগ্রগতি(সর্বশেষ সংশোধিত পিপিএনবি অনুসারে):

(লক্ষ টাকায়)

| কাজের বিবরণ (ডিপিপি অনুসারে) | | একক | লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুসারে) | | প্রকৃত অগ্রগতি | | পার্থক্যে[illegible] (যদি [illegible]) |
|---|---|---|---|---|---|---|---|
| অর্থনৈতিক কোড | বিবরণ | | আর্থিক (লক্ষ টাকায়) | ভৌত (পরিমান) | আর্থিক (লক্ষ টাকায়) | ভৌত (পরিমান) | |
| ৩২৫৬১০২ | রাসায়নিক দ্রব্যাদি | থোক | ১.০ | - | ২৯১৭০/- | - | |
| ৩২৫১১০৯ | বীজ ও উদ্ভিদ | থোক | ১.০ | - | ২০০০০/- | - | |
| ৩২৫১১০৫ | সার | সার | ২.৫ | - | ৫৭০০৫/- | - | |
| ৪১১২৩০৪ | কৃষি যন্ত্রপাতি | সংখ্যা | ২৫.৬০ | ৮৫ | ২২৯৭৯৪৯/- | ৮৫ | |
| ৪১১২৩০৩ | বৈদ্যুতিক সরঞ্জাম | সংখ্যা | ১১.৮৫ | ২৬ | ১১৭১০০০/- | ২৬ | |
| ৪১১১২০১ | ফার্মস্টোরের ওয়াল নির্মাণ | থোক | ০.৬০ | - | ৫৯৮৪২ | - | ঠিকাদারে[illegible] তারতম্য [illegible] |
| ৪১১১৩০৭ | ফার্ম সেচ ও নিস্কাশন ড্রেন নির্মাণ | থোক | ৫০.০০ | - | ৪৯৯৯৪৯৫/- | - | ঠিকাদারে[illegible] তারতম্য [illegible] |
| ৪১১১৩০৬ | সারফেস ওয়াটার রিজার্ভার | থোক | ২০.২০ | - | - | - | ০৮/০৫[illegible] তারিখে পিডি [illegible] এবং উক্ত [illegible] ছাড় করে [illegible] মধ্যে রিজার্ভা[illegible] সম্ভব [illegible] |
| | মোট | | ১১২.৭৫ | ১১১ | ৮৬৩৪৪৩১/- | ১১১ | |

## ১২. পণ্য/কার্য/বিশেষজ্ঞ সেবা ক্রয় সংক্রান্ত তথ্যাদি

| বিড ডকুমেন্ট অনুযায়ী সংগ্রহের বিবরণ পণ্য/কার্য/বিশেষজ্ঞ সেবা)/প্যাকেজ | দরপত্র/বিড/প্রস্তাব ব্যয় (লক্ষ টাকায়) | | দরপত্র/বিড/প্রস্তাব | | কার্য/সেবা এবং পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|
| | ডিপিপি অনুযায়ী | চুক্তিকৃত মূল্য (টাকা) | দরপত্র আহ্বানের তারিখ | দরপত্র চুক্তির স্বাক্ষর তারিখ/কার্যাদেশ প্রদানের তারিখ | চুক্তি অনুযায়ী পণ্য সরবরাহ/কার্য সমাপ্তির তারিখ | প্রকৃত পণ্য সরবরাহ/কার্য সমাপ্তির তারিখ |
| অর্থ বছর (২০১৭-২০১৮)<br>আরএফকিউ এর সংখ্যা=২টি<br>উন্মুক্ত দর পত্র=১ টি<br>১) আইপিএস ক্রয় আরএফকিউ -১টি<br>২) সোলার স্ট্রীট লাইট ক্রয় আরএফকিউ- ১ টি<br>৩) কৃষি যন্ত্রপাতি ক্রয় উন্মুক্ত দর প্রতিযোগীতা- ১ টি | | ১০৪০০০/-<br>৩২৫৫০০/-<br>১৩৪৬৯৯৯/- | ২১-০৫-২০১৮<br>২১-০৫-২০১৮<br>০৮-০৫-২০১৮ | ৩১-০৫-২০১৮<br>৩১-০৫-২০১৮<br>০৭-০৬-২০১৮ | ০৭-০৬-২০১৮<br>০৭-০৬-২০১৮<br>১৪-০৬-২০১৮ | ০৪-০৬-২০১৮<br>০৪-০৬-২০১৮<br>১২-০৬-২০১৮ |
| অর্থ বছর (২০১৮-২০১৯)<br>আরএফকিউ এর সংখ্যা=২ টি<br>উন্মুক্ত দর পত্র=২ টি<br>১) সোলার স্ট্রীট লাইট ও ইলেকট্রিক স্ট্যান্ড ফ্যান আরএফকিউ-১ টি<br>২) ফার্ম স্টোরের পার্টিশন ওয়াল নির্মান আরএফকিউ -১টি<br>৩) খামারের নিস্কাশন ড্রেন নির্মান ই-জিপির মাধ্যমে উন্মুক্ত দর পত্র- ১টি<br>৪) কৃষি যন্ত্রপাতি ক্রয় উন্মুক্ত দর প্রতিযোগীতা- ১ টি | | ৩০০০০০/-<br>৫৯৮৪২/-<br>৪৯৯৯৪৯৫/-<br>৮৪৫০০০/- | ১৭-০৯-২০১৮<br>২৮-১০-২০১৮<br>২৯-১০-২০১৮<br>১৯-০৯-২০১৮ | ০১-১০-২০১৮<br>২৫-১১-২০১৮<br>১১-১২-২০১৮<br>১৯-১১-২০১৮ | ১৭-১০-২০১৮<br>৩১-১২-২০১৮<br>১৫-০৬-২০১৮<br>১৫-০১-২০১৯ | ০৯-১০-২০১৮<br>৩১-১২-২০১৮<br>১৫-০৬-২০১৮<br>১৫-০১-২০১৯ |
| অর্থ বছর (২০১৯-২০২০)<br>আরএফকিউ এর সংখ্যা=৩টি<br>ক) সোলার স্ট্রীট লাইট ক্রয় আরএফকিউ- ১ টি<br>খ) কৃষি যন্ত্রপাতি ক্রয় আরএফকিউ -১টি<br>গ) সোলার লাইট ক্রয়- আরএফকিউ ১ টি | | ৩২৫৫০০/-<br>৯১০০০/-<br>১০০০০০/- | ০৯-১০-২০১৯<br>২৬-১২-২০১৯<br>১০-০৫-২০২০ | ২০-১০-২০১৯<br>১৪-০১-২০২০<br>১৭-০৫-২০২০ | ৩০-১০-২০১৯<br>৩০-০১-২০২০<br>১০-০৬-২০২০ | ২৩-১০-২০১৯<br>৩০-০১-২০২০<br>৩১-০৫-২০২০ |

**সর্বমোট :**

- আরএফকিউ ০৭ টি
- উন্মুক্ত দর প্রতিযোগীতা=৩ টি

**পিসিআর-এ উল্লেখিত বরাদ্দ ও অগ্রগতি :**

| অর্থ বছর | ডিপিপি/ আরডিপিপি | এডিপি/আরএডিপি বরাদ্দ (লক্ষ টাকায়) | টাকা অবমুক্তি (লক্ষ টাকায়) | ব্যয় (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২০১৭-২০১৮ | | ৩৮.৯০ | ১৮.৭০ | ১৮.৩২৪৯৯ | ২০১৭-২০১৮ অর্থ বছরে ০৮/... তারিখে পিডি নিয়োগ হয় এবং উক্ত ... হতে ৪র্থ কিস্তির অর্থ এক সাথে ছাড় ... তখন সারফেস ওয়াটার রিজার্ভার ... বরাদ্দকৃত ২০.২০ লক্ষ টাকা ছাড় ... কারন মাত্র এক মাসে পুকুর খনন করে ... নির্মান করা সম্ভব না এবং তাতে ... গুনগতমান ভাল হতনা। |
| ২০১৮-২০১৯ | | ৬৬.২৫ | ৬৬.২৫ | ৬২.৪২৫৪২ | সমর্পণ ৩৮.২৫ লক্ষ টাকা (টেন্ডারে ঠিকাদার কর্তৃক রেট কমের ... খামারে সেচের পানির ব্যবস্থা নাথাকার ... ও কীটনাশকের টাকা অব্যয়িত থাকে) |
| ২০১৯-২০২০ | | ৭.৬ | ৭.২০১ | ৫.৫৯৪২ | সমর্পণ ১.৬০৬ (খামারে সেচের পানির ব্যবস্থা ... সার,বীজ ও কীটনাশকের টাকা অব্যয়িত ... |
| | মোট | **১১২.৭৫** | **৯২.১৫১** | **৮৬.৩৪৪৬১** | |

কর্মসূচিতে মোট বরাদ্দ = ১১২.৭৫ লক্ষ টাকা
মোট ছাড়কৃত অর্থ = ৯২.১৫১ লক্ষ টাকা

কর্মসূচিতে মোট খরচ = ৮৬.৩৫ লক্ষ টাকা
ছাড়কৃত অর্থের ব্যায়ের হার = ৯৩.৭১%

## অর্জন

| (পিপিএনবি অনুসারে উদ্দেশ্য) | প্রকৃত অর্জন |
|---|---|
| ১। খামারের আধুনিক কৃষি যন্ত্রপাতি ও ভৌত অবকাঠামো সৃষ্টির মাধ্যমে ফলিত গবেষণা প্রদর্শণী স্থাপন করে প্রশিক্ষণে ব্যবহারিক ক্লাসকে সজীব(লাইভ) করা; | খামারের আধুনিক কৃষি যন্ত্রপাতি ও ভৌত অবকাঠামো সৃষ্টি... মাধ্যমে ফলিত গবেষণা প্রদর্শণী স্থাপন করে প্রশিক্ষণে ব্য... ক্লাসকে সজীব (লাইভ) করা হয়েছে। |
| ২। আধুনিক কৃষি যন্ত্রপাতি ও জলবায়ু সহনশীল টেকশই কৃষি প্রযুক্তি প্রশিক্ষণার্থী কর্মর্তাগণের মাধ্যমে সম্প্রসারণ: | আধুনিক কৃষি যন্ত্রপাতি ও জলবায়ু সহনশীল টেকসই কৃ... প্রশিক্ষণার্থী কর্মর্তাগণের মাধ্যমে সম্প্রসারণের সুযোগ সৃষ্টি... |
| ৩। সর্বোপরি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)-এর Goal-1 : Target 1.1; Goal-2: Target 2.1, 2.3, 2.4;Ges Goal-12: Target 12.3; Goal-15: Target 15.3 অর্জনে অবদান রাখা। | খামারের আধুনিক কৃষি যন্ত্রপাতি ও ভৌত অবকাঠা... মাধ্যমে ফলিত গবেষণা প্রদর্শণী স্থাপন করে প্রশিক্ষণে ... ক্লাসকে সজীব (লাইভ) করে জলবায়ু সহনশীল টেকসই কৃ... প্রশিক্ষণার্থী কর্মর্তাগণের মাধ্যমে সম্প্রসারণের ফলে টেক... উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়েছে। |

**কর্মসূচির বাস্তবায়নোত্তর অবস্থা ও ফলাফল বিশ্লেষণ:**

**কর্মসূচির প্রভাব :**

ক) কর্মসূচির প্রত্যক্ষ প্রভাব ঃ

১. নাটার ভৌত অবকাঠামোর উন্নয়ণ ও প্রশিক্ষণ সুবিধাদি উন্নত হয়েছে।

২. প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যা কর্মসূচির ইতিবাচক দিক।

**খ) কর্মসূচির পরোক্ষ প্রভাব ঃ**

১. নাটার কার্যক্রম সাফল্যের সাথে সম্পাদিত হয়েছে।

**স্থানীয় ব্যক্তিবর্গ, স্থানীয় প্রশাসন, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ কর্তৃক কর্মসূচিটি প্রশংসিত হয়েছে।**

**কর্মসূচি বাস্থবায়নে চিহ্নিত সমস্যাসমূহ:**

| | |
|---|---|
| কর্মসূচি ব্যবস্থাপনা | কর্মসূচি ব্যবস্থাপনা কমিটির সহায়তায় কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন ও পরিবীক্ষণ করা হয়। |
| জনবল | কর্মসূচি পরিচালনায় কর্মসূচি পরিচালক নিয়োগ দেয়া হয় (অতিরিক্ত দায়িত্ব) ১জন হিসাবরক্ষক, ১জন স্টোর কীপার নাটা থেকে অতিরিক্ত দায়িত্ব দেয়া হয়। |
| আইন শৃঙ্খলা | কর্মসূচি বাস্তবায়নকালে আইন শৃঙ্খলা স্বাভাবিক ছিল। |
| প্রাকৃতিক দুর্যোগ | কর্মসূচি বাস্তবায়নকালে আবহাওয়া স্বাভাবিক ছিল । |
| কর্মসূচির অর্থ বরাদ্দ ও ছাড়করণ | জিওবি অর্থায়নে অর্থ বরাদ্দ ও ছাড় করা হয়। (বি : দ্র :২০১৭-২০১৮ অর্থ বছরে ২০.২০লক্ষ টাকা এবং ২০১৯-২০ অর্থ বছরে ০.৪ লক্ষ টাকা ছাড় করা হয় নাই) |
| বৈদেশিক অনুদান | প্রযোজ্য নয়। |
| উন্নয়ন অংশীদার | প্রযোজ্য নয়। |
| অতিরিক্ত ব্যয় ও সময় | প্রযোজ্য নয়। |
| কর্মসুচি সুপারভিশন/ইন্সপেকসন | কর্মসূচি সময়মত এবং সঠিকভাবে সুপারভিশন/ইন্সপেকসন হয়েছে। |
| পরিবহন সুবিধা | নাই |
| সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব | প্রযোজ্য নয়। |
| সেমিনার/ওয়ার্কশপ | প্রযোজ্য নয়। |
| অনুমোদিত | যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত |

# N-২৭তম NARS বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুরে NARS বিজ্ঞানীদের চার (০৪) মাস ব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ ... হয়। কৃষি মন্ত্রণালয়ের ১১টি প্রতিষ্ঠানের মোট ৪০ জন বিজ্ঞানীর অংশগ্রহনের মধ্য দিয়ে গত ২২ ... তারিখে এন-২৭তম NARS বিজ্ঞানীদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি শুরু হয়। আড়ম্বরপূর্ণ উদ্বোধনী অনুষ্ঠানে ... হিসেবে উপস্থিত ছিলেন মোঃ নাসিরুজ্জান, সম্মানিত সচিব, কৃষি মন্ত্রনালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় ... একাডেমির মহাপরিচালক ড. মোঃ আবু সাঈদ মিঞা । একাডেমি কর্তৃপক্ষ বুনিয়াদি প্রশিক্ষণ পরিচালনার জন্য ... অর্ডিনেটর (একাডেমিক) হিসেবে ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, নাটা; কোর্স কো-অর্ডিনেটর (এক্সট্রা-... হিসেবে ড. মোঃ আব্দুল মাজেদ, উপপরিচালক, নাটা; সহকারী কোর্স কো-অর্ডিনেটর (একাডেমিক) হিসেবে ... আক্তার, সিনিয়র সহকারী পরিচালক, নাটা এবং সহকারী কোর্স কো-অর্ডিনেটর (ফিনান্স) হিসেবে মোছাঃ ... সিনিয়র সহকারী পরিচালক, নাটা-কে দায়িত্ব প্রদান করেন। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রাতিষ্ঠানিক সংযুক্তি, ... কার ড্রাইভিংসহ মোট ২৬ টি মডিউল অন্তর্ভুক্ত করা হয়। তাছাড়া, দেশের খ্যাতনামা বিষয় বিশেষজ্ঞ রিসোর্স ... মাধ্যমে সেশন পরিচালনা করা হয়। সম্প্রসারণ বক্তা হিসেবে প্রফেসর ড. মোঃ সামছুল আলম, সিনিয়র সচিব ... পরিকল্পনা কমিশন উপস্থিত ছিলেন। প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণকালীন বিভিন্ন জাতীয় দিবসে অংশগ্রহনসহ মেস ... নাইটের আয়োজন করে-যা তাদের এক্সট্রা-একাডেমিক জ্ঞানকে আরো সমৃদ্ধ করে। জাতির জনক বঙ্গবন্ধু ... রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে নাটা প্রশাসন ও যৌথ প্রশিক্ষণার্থীদের উদ্যোগে একটি দেয়ালিকা প্রকাশ ... মার্চ ২০২০ কোভিড-১৯ প্রাদূর্ভাব ও দেশব্যাপী লকডাউন ঘোষনার কারনে ২৫ মার্চ ২০২০ তারিখে জনপ্রশাসন ... কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে সকল প্রশিক্ষনার্থীর নিরাপত্তার স্বার্থে প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত ঘোষণা ... পরবর্তীতে পরিস্থিতি স্বাভারিক হলে জনপ্রশাসন মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের পরামর্শক্রমে বুনিয়াদি প্রশিক্ষণ ... পুনরায় চালু করে সমাপ্ত করা হবে ।




এন-২৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ

প্রতিষ্ঠানভিত্তিক প্রশিক্ষণার্থীর সংখ্যাঃ

| ক্রম. | প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণার্থীদের সংখ্যা মোট |
|---|---|---|
| ১ | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | ৪ |
| ২ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | ৯ |
| ৩ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ৫ |
| ৪ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | ৩ |
| ৫ | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | ৫ |
| ৬ | বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট | ৫ |
| ৭ | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | ৩ |
| ৮ | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | ২ |
| ৯ | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ২ |
| ১০ | বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট | ১ |
| ১১ | তুলা উন্নয়ন বোর্ড | ১ |
| | মোট = | ৪০ |

## নাটায় "কৃষক-উদ্যোক্তা:বাণিজ্যিক কৃষির উদীয়মান চালক" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর কর্মকর্তাদের প্রশিক্ষণের পাশাপাশি সমসাময়িক ইস্যু নিয়ে সেমিনারের আয়োজন করে। এরই ধারাবাহিকতায় ০৬ জানুয়ারি/২০২০ খ্রি. তারিখে নাটায় "Farmer-Entrepreneur: Emerging Driver for Commercial Agriculture" অর্থাৎ "কৃষক-উদ্যোক্তা: বাণিজ্যিক কৃষির উদীয়মান চালক" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনা করেন প্রফেসর ড. এম. এ. সাত্তার মন্ডল, এমেরিটাস প্রফেসর ও প্রাক্তন উপচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। প্রবন্ধের বিষয়বস্তু ছিল ১. খাদ্য উৎপাদনে বাংলাদেশের অবস্থান ২. বাণিজ্যিক কৃষি ৩. কৃষি বাণিজ্যিকীকরণের ধাপসমূহ ৪. গ্রামীণ/কৃষি উদ্যোক্তা তৈরিকরণ এবং ৫. বাণিজ্যিক কৃষি ত্বরান্বিতকরণ। এছাড়াও তিনি ভারতীয় উপমহাদেশের কৃষি বাণিজ্যিকীকরণের ধাপ সমুহ আলোচনা করেন। মূল প্রবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক ড. মোঃ আব্দুল মুঈদ এবং বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর ড. আব্দুল মান্নান আকন্দ।




"কৃষক-উদ্যোক্তা: বাণিজ্যিক কৃষির উদীয়মান চালক" শীর্ষক সেমিনারে মাননীয় কৃষি মন্ত্রী

প্রধান অতিথি মহোদয় তাঁর বক্তব্যে বাংলাদেশের কৃষি উন্নয়নে বর্তমান প্রধানমন্ত্রীর বিভিন্নমুখী উল্লেখ করেন। তাছাড়া কৃষির বাণিজ্যিকীকরণ, নতুন নতুন ফসলের উৎপাদন বাড়ানোসহ কৃষির সাফল্য আরো করার উপর তাগিদ দেন। সেমিনারে সভাপতিত্ব করেন একাডেমির মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা শেষে কৃষি মন্ত্রী মহোদয় কর্তৃক নাটায় নব নির্মিত প্রশিক্ষণ কমপ্লেক্স উদ্বোধন করা হয়। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণসহ কৃষি বিজ্ঞানী, কৃষি কর্মকর্তারা সেমিনারে উপস্থিত ছিলেন।

## নাটায় নবনিয়োগ

১৯৭৫ সালে জাইকার অর্থায়নে প্রতিষ্ঠিত কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট (সার্ডি), যা ১৯৮৪ সম্প্রসারণ অধিদপ্তরের অন্তর্ভুক্ত হয়। কালের পরিক্রমায় ২০১৩ সালের ৩ এপ্রিল সার্ডিকে বিলুপ্ত করে কৃষি একটি সংস্থা হিসেবে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা ) এর সরকারি আদেশ জারি করা হয়। ২০১৪ মহাপরিচালক নিয়োগের মধ্য দিয়ে নাটার কার্যক্রম শুরু হয়। সার্ডির জনবল নিয়েই নাটার নবরূপে নব দিগন্ত এরই মধ্যে বয়ে গেছে একে একে ৬টি বছর। ষষ্ঠ বছরে এসে নাটা শূন্য পদে একজন মেডিকেল অফিসার লাইব্রেরিয়ান (৯ গ্রেড-১ম শ্রেণি) নিয়োগের জন্য সরকারি কর্ম কমিশন এ রিকুইজিশন পাঠায়। ২০১৯ সালে পাবলিক সার্ভিস কমিশন এর মাধ্যমে দুইজন নাটাতে সুপারিশ প্রাপ্ত হন এবং কৃষি মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন ফেব্রুয়ারি ২০২০ মেডিকেল অফিসার- জনাব ডাঃ শহিদুজ্জামান শুভ এবং লাইব্রেরিয়ান-জনাব লুপু রহমান এই যোগদান করেন। এছাড়াও ২০২০ সালের জানুয়ারিতে রাজস্ব খাতে ১২ গ্রেড থেকে ২০ তম গ্রেড পর্যন্ত কর্মচারী নিয়োগ প্রাপ্ত হন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ অনুষদের অধীনে নিয়োগ পরীক্ষায় অংশ নেয় উত্তীর্ণ হয় ৩৬৬ জন। ২৪/৬/২০১৯ থেকে ২৮/৬/২০১৯ পর্যন্ত সকল উত্তীর্ণদের ভাইভা সম্পন্ন করে চূড়ান্ত হয় ১০ জুলাই ২০১৯। মোট ৩২ জন সুপারিশ প্রাপ্তদের মধ্যে ২৫ জন চাকুরিতে যোগদান করেন।

| নং | পদের নাম | সংখ্যা (জন |
|---|---|---|
| ১ | ক্যাটালগার | ১ |
| ২ | অভ্যর্থনাকারী | ১ |
| ৩ | ফুড প্রসেসিং টেকনেশিয়ান | ১ |
| ৪ | মেকানিক | ১ |
| ৫ | সেচ পাম্প অপারেটর | ১ |
| ৬ | এটেনডেন্ট | ৫ |
| ৭ | অফিস সহায়ক | ৮ |
| ৮ | মালী | ৪ |
| ৯ | নিরাপত্তাপ্রহরী | ৩ |
| ১০ | মোট | ২৫ |

নাটায় এই যে জনবল বৃদ্ধির প্রক্রিয়া তা কিন্তু নিছকই নয়। এরই মধ্যদিয়ে নাটা তার কর্ম পরিধি বৃদ্ধির সোপানে এগিয়ে চলছে। দেশের সার্বিক উন্নয়ন যেহেতু কৃষির উপর নির্ভরশীল,তাই কৃষিক্ষেত্রে বিস্তর গবেষণা, ব্যাপক প্রশিক্ষণ, পড়াশুনা ইত্যাদির দ্বার অবারিত করার মাধ্যমেই সামগ্রিক কৃষি ক্ষেত্রে যুগান্তকারী অবদান রাখা সম্ভবপর এবং সেক্ষেত্রে নাটার এই নবনিয়োগ যথাযথ ও সময়োপযোগী তথা সহযোগী ভূমিকা রাখবে।

## মশক নিধন এবং ডেঙ্গু নিয়ন্ত্রণ

মাননীয় প্রধানমন্ত্রী যেকোন মূল্যে সারা বাংলাদেশ থেকে ডেঙ্গু নির্মূলের জন্য নির্দেশ প্রদান করেন। তারই ধারাবাহিকতায় ০৬ আগষ্ট ২০১৯ রোজ মঙ্গলবার সারা দেশে একযোগে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে র‌্যালী এবং পরিচ্ছন্নতা অভিযানের আয়োজন করা হয়। দেশব্যাপী এই মহতী উদ্যোগের সারথি হতে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা) কর্তৃপক্ষ সর্বাত্মক চেষ্টা অব্যহত রেখেছে। সকাল ১১ ঘটিকায় মশক নিধন এবং ডেঙ্গু নিয়ন্ত্রণ কমিটির তত্ত্বাবধানে নাটার সকল কর্মকর্তা এবং কর্মচারী মিলে একটি জনসচেতনতামূলক র‌্যালির আয়োজন করে। র‌্যালিটি নাটার প্রধান ফটক থেকে আরম্ভ করে "নিজ আঙ্গিনা পরিষ্কার রাখি, সবাই মিলে ডেঙ্গু প্রতিরোধ করি" স্লোগান নিয়ে জয়দেবপুর-চৌরাস্তা সড়ক পর্যন্ত যায়। সেখানে কিছুক্ষণ অবস্থান করে সকলের উদ্দেশ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বক্তব্য প্রদান করেন মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক (কীটতত্ত্ব) এবং সভাপতি, মশক নিধন এবং ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রন কমিটি, এবং ড. মোঃ ছাইদুর রহমান, উপ পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) এবং উক্তি কমিটির সদস্য সচিব। সবশেষে র‌্যালিটি নাটা আবাসিক কোয়ার্টার পরিভ্রমণ করে নাটা প্রশাসন ভবনে এসে শেষ হয়। অফিস প্রাঙ্গন, আবাসিক কোয়ার্টারসহ আশেপাশের এডিস মশার সম্ভাব্য আবাসস্থল চিহ্নিত করে সেগুলো পরিষ্কার করাসহ মশক নিধনের ঔষধ ছিটানোর কাজ চলমান আছে। এছাড়াও নিজ নিজ প্রাঙ্গন স্ব উদ্যোগে পরিচ্ছন্ন রাখার জন্য সবাইকে নির্দেশনা দেয়া হয়। ডেঙ্গু থেকে বাচার উপায়, ডেঙ্গু হলে করণীয়, ডেঙ্গু জ্বরের লক্ষণ ইত্যাদি সম্বলিত লিফলেট তৈরী করে সাধারণ জনগনের মাঝে বিতরণ ও নাটার বিভিন্ন স্থানে গেইটে দেয়া হয়েছে। আরো উল্লেখ্য পার্শ্ববর্তী বীজ প্রত্যয়ন এজেন্সি এর সাথে যোগাযোগ করে একযোগে মশক নিধন এবং পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযানে অংশ নিতে অনুরোধ করা হয়েছে এবং সেখানেও কাজ চলমান রয়েছে।



মশক নিধন এবং ডেঙ্গু নিয়ন্ত্রণে সমন্বিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান কর্মসূচিতে নাটার ফ্যাকাল্টিবৃন্দ

# ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯

বাঙালি ও বাংলাদেশের শোকের দিন শোকাবহ ১৫ই আগস্ট ,জাতীয় শোক দিবস। জাতীয় কৃষি প্রশিক্ষণ
তে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাত
শোক দিবস ২০১৯ পালিত হয়েছে । স্বাধীন বাংলাদেশের স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও জাতির
শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে সকালে জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরে বঙ্গবন্ধুর
নিবেদনের মধ্য দিয়ে শুরু হয় জাতীয় শোক দিবসের কর্মসূচি। শ্রদ্ধা নিবেদন শেষে ১৫ আগস্ট উপলক্ষে
১নং ক্লাস রুমে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে
একাডেমির মহাপরিচালক (ভারপ্রাপ্ত) ড. মো: আবু সাইদ মিঞা। অনুষ্ঠানে প্রথম মূখ্য আালোচক
''কারাগারের রোজনামচা " বই থেকে মূল প্রবন্ধ উপস্থাপন করেন লায়লাতুল রোকসানা লিমা,সিনিয়র
(সয়েল কেমেস্ট্রি ও মাইক্রোবায়োলজি) এবং দ্বিতীয় মূখ্য আালোচক হিসেবে বঙ্গবন্ধুর "অসমাপ্ত আত্মজীবনী"
বক্তব্য দ্বিতীয় মূল প্রবন্ধ উপস্থাপন করেন মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী পরিচালক **(হর্টিকালচার ক্রপ ডিজিজ**
আালোচকদের বক্তব্য শেষে মূল প্রবন্ধের উপর আলোচনায় বক্তব্য উপস্থাপন করেন আনোয়ারা
**পরিচালক (পরিবেশ ও কৃষি বনায়ন)**, মোছা: মুসফিকা হাসনীন চৌধুরী, সিনিয়র সহকারী পরিচালক (সয়েল
**মাহমুদ হাসান উপপরিচালক (হর্টিকালচার ), নাটা**। আলোচনা সভায় নাটার সকল কর্মকর্তা, কর্মচারীগণ
আলোচনা শেষে বাদ যোহর একাডেমির জামে মসজিদে ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
শাহাদাৎ বরণ করেছেন তাদের আত্মার মাগফিরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত করা হয়।



১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষে আলোচনা সভায় নাটার ফ্যাকাল্টিবৃন্দ

# Disaster Management in Agriculture
## শীর্ষক প্রশিক্ষণ কোর্স

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান, যার প্রধান অঙ্গীকার হলো যোগ্য এবং দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা। প্রতিষ্ঠানটি কৃষি মন্ত্রণালয়ের ১৮টি সংস্থার মানব সম্পদের দক্ষতা উন্নয়নের জন্য নিরলস ভাবে কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় ২৭ থেকে ৩১ অক্টোবর, ২০১৯ নাটার সবুজ চত্বরে, কৃষি মন্ত্রণালয়ের আত্ততাভুক্ত প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তাদের জন্য Disaster Management in Agricultureশীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয় । এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন কৃষি মন্ত্রণালয়ের আত্ততাভুক্ত ১০টি প্রতিষ্ঠানের ১ম শ্রেণীর কর্মকর্তাবৃন্দ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, মৃক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বারটান, তুলা উন্নয়ন বোর্ড ও বীজ প্রত্যয়ন এজেন্সীর ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের ৩১ জন কর্মকর্তাবৃন্দ এই প্রশিক্ষণে অংশগ্রহন করেন। এদের মধ্যে ০৪ জন মহিলা এবং ২৭ জন পুরুষ কর্মকর্তা ছিলেন।এই প্রশিক্ষণ কোর্সে ২৫ টি বিষয়ের উপর ৫ কর্মদিবসে ২৫টি ক্লাস সম্পন্ন হয়েছে। প্রশিক্ষাণার্থীদের কর্ম ক্ষেত্রে সরাসরি সহায়ক ভূমিকা রাখবে এমন কিছু বিষয় হচ্ছে Basic Concept on Disaster, Hazard, Vulnerability, Risk and Climate Change; Present Disaster Scenario of Bangladesh; Impact of Climate Change on Agriculture in Bangladesh; Ict for Disaster Management, Meteorology and Weather Forecasting for Agriculture; National Policy, Planning and Act on Disaster Management; Disaster Management System in Bangladesh; Loss Assessment after Disaster, Flood ,Flash Flood and Water Logging and Their Impacts on Agriculture; Agriculture Rehabilitation Program Planning after Disaster; SDGs প্রভৃতি এই প্রশিক্ষণ কোর্সে নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষ ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন রির্সোস স্পিকারগন সেশন পরিচালনা করেছেন। যেমন,সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ডিডিএম এবং বিবিএস এর সাবেক মহাপরিচালক, প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের যুগ্ম সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক, সরেজমিন উইং ও পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন এবং আইসিটি উইং এর পরিচালক ও অতিরিক্ত উপপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনিস্টিটিউট এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ধান গবেষণা ইনিস্টিটিউট এর সাবেক মহাপরিচালক এবং নাটার সম্মানিত অনুষদবর্গ সেশন পরিচালনা করেছেন। প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশিক্ষন ক্লাস, পরীক্ষা, রির্সোস স্পিকার মূল্যায়ন ও কোর্সের সার্বিক মূল্যায়ন ইত্যাদি বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহন করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে উপদেষ্টা এবং কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন নাটার সম্মানিত মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা; কোর্স কো অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন ড. মোঃ আব্দুল মাজেদ, উপপরিচালক, নাটা, গাজীপুর। কোর্সটিতে সহকারী কোর্সকো-অর্ডিনেটর এর দায়িত্ব পালন করেন মাহমুদা হক, সিনিয়র সহকারী পরিচালক এবং শামীমা আক্তার, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর।

# "Integrated Water Resource Management in Agriculture"
## শীর্ষক প্রশিক্ষণ

০১-০৫ ডিসেম্বর ২০১৯ নাটার সবুজ চত্তরে, কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা
Integrated Water Resource Management in Agriculture শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয়
প্রশিক্ষণে অংশ গ্রহণ করেন কৃষি মন্ত্রণালয়ের অধীন ১১টি প্রতিষ্ঠান যথা: কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলা
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টি
বাংলাদেশ গম গবেষণা ইনস্টিটিউট, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টি
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও বীজ
এজেন্সীর এর ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের ৩০ জন কর্মকর্তাবৃন্দ। এই প্রশিক্ষণ কোর্সে ৫টি মডিউলে ২৫ টি বিষ
৫ কর্মদিবসে ২৫টি ক্লাস সম্পন্ন হয়েছে। প্রশিক্ষাণার্থীদের কর্ম ক্ষেত্রে সরাসরি সহায়ক ভূমিকা রাখবে এমন
মডিউল হচ্ছে IWRM: Disaster Risk Reduction and Resilience Program under SDG
Polder Management for Irrigation in Bangladesh , Integrated Water Res
Management (IWRM): Challenges in Bangladesh Concept of Integrated W
Resource Management ,Water and Irrigation Management, IWRM and So
Inclusion, Sustainable Water Use ,Possible Use of Solar Power Energy in Irrig
Sector in Bangladesh, Hydrology and IWRM Concept with Water Consum
এছাড়াও প্রশিক্ষণার্থী বৃন্দ ১ (এক) দিন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে সংযুক্তির মাধ্যমে বাংলা
সেচ সেক্টরে সোলার পাওয়ার এনার্জি এর ব্যবহার সরেজমিনে পরিদর্শন করে বাস্তব ধারণা লাভ করেন যা
কর্ম জীবনে সহায়ক ভুমিকা রাখবে। এই প্রশিক্ষণ কোর্সে নিজ নিজ কর্মক্ষেত্রে দক্ষ ও বাস্তব অভিজ্ঞ
রির্সোস স্পিকারগন যেমন: সিইজিআইএস-এর পরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর নির্বাহী প্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
বৈজ্ঞানিক কর্মকর্তাগই, বিএডিসি এর দক্ষ রিসোর্স স্পিকারগণ সেশন পরিচালনা করেছেন। প্রশিক্ষণার্থীবৃন্দ
ক্লাস, মাঠ পরিদর্শন, পরীক্ষা, রির্সোস স্পিকার মূল্যায়ন ও কোর্সের সার্বিক মূল্যায়ন ইত্যাদি বিভিন্ন
অংশগ্রহন করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে উপদেষ্টা ও কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন নাটার স
মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা, কোর্স কো -অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন
কুমার পাল, উপপরিচালক, নাটা, গাজীপুর। কোর্সটিতে সহকারী কোর্স কোঅর্ডিনেটর এর দায়িত্ব পালন
শামসুন নাহার , সিনিয়র সহকারী পরিচালক এবং লায়লাতুল রোকসানা লিমা, সিনিয়র সহকারী পরিচালক,
গাজীপুর।

## বিজয় দিবস ২০১৯ উদযাপন

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, নাটার সুযোগ্য মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা মহোদয়ের সভাপতিত্বে ১৬ ডিসেম্বর /১৯ খ্রি. সকাল ৯.০০ ঘটিকায় মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। তার আগে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং রাজবাড়ী মাঠ সংলগ্ন স্মৃতি সৌধে পুস্পস্তবক অর্পণ করা হয়। উক্ত আলোচনা সভার মূল বিষয়বস্তু ছিল **"জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বির্নিমাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ডিজিটাল প্রযুক্তির ব্যবহার।"** উক্ত বিষয়বস্তুর উপর মূখ্য আলোচক হিসেবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব শামসুন নাহার, সিনিয়র সহকারী পরিচালক, নাটা এবং জনাব নাঈমা সুলতানা ,সিনিয়র সহকারী পরিচালক, নাটা। মূখ্য আলোচক জনাব শামসুন নাহার তার বিষয়বস্তুর উপর ব্যক্ত করেন যে, আজকের দিনটি বাঙালি জাতির জন্য গৌরবের দিন , আনন্দের দিন। ১৯৭১ সালে সুদীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধ , ত্রিশ লাখ শহীদের আত্মত্যাগ এবং দু'লাখ মা -বোনের সম্ভ্রমের বিনিময়ে রচিত হয়েছে বাঙালি জাতির এই গৌরবান্বিত মহান বিজয়।




**বিজয় দিবস ২০১৯ উপলক্ষে নাটার ফ্যাকাল্টিবৃন্দের রাজবাড়ী মাঠ সংলগ্ন স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ**

## "ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯"

ডিজিটাল বাংলাদেশ একটি প্রত্যয় একটি স্বপ্ন । ডিজিটাল বাংলাদেশ মূলত জ্ঞান ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার প্রথম সোপান। ডিজিটাল বাংলাদেশের বীজ রোপণ করেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি দেশটিকে আইটিইউ (ITU) সদস্যপদ গ্রহণ করান ১৯৭৩ সালে। ১৯৭৫ সালের ১৪ জুন তিনি বেতবুনিয়ায় ভূ উপগ্রহ কেন্দ্র উদ্বোধন করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর রোপিত বীজ থেকে জন্ম নেয়া চারাগাছটির বিকাশ দেখা যায় ২০০৮ সালের ১২ ডিসেম্বর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ডিজিটাল বাংলাদেশ ঘোষনার মধ্য দিয়ে । বাংলাদেশের প্রধানমন্ত্রী আমাদের স্বর্ণকন্যা জননেত্রী শেখ হাসিনা ঘোষণা অনুসারে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ২০২১ সাল হচ্ছে ডিজিটাল বাংলাদেশ গড়ার ঠিকানা।" সত্য মিথ্যা যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে" প্রতিপাদ্য নিয়ে দেশে দ্বিতীয়বারের মতো পালিত হয়েছে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯। সভা সেমিনারের মধ্য

দিয়ে সারাদেশে দিনটি উদযাপিত হয়েছে। দিবস ঘিরে রাজধানীর গুরুত্বপূর্ণ সড়ক সেজেছিল সচেতন ব্যানার ও ফেস্টুনে। সরকারের তথ্যপ্রযুক্তি বিভাগের পাশা পাশি কর্মসূচী হাতে নিয়েছিল জাতীয় কৃষি একাডেমি। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক ডঃ মোঃ আবুসাঈদ মিঞার নেতৃত্বে নাটার কর্মকর্তা কর্মচারীবৃন্দ এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করে । ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনের রূপকল্প বাস্তবায়নের অভিলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান, সেমিনার/কর্মশালার আয়োজন, প্রদর্শণী স্থাপন কার্যক্রম বাস্তবায়ন করে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে কৃষিক্ষেত্রে ই-কৃষি কার্যক্রমকে জোরদারকরনের উদ্ভাবিত অ্যাপসসমূহের পরিচিতি ও ব্যবহারের উপর কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়।




ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯ উদযাপন র‍্যালিতে নাটার ফ্যাকাল্টিবৃন্দ

## নাটায় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ পালন

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ পালিত হয়েছে । রাজবাড়ী শহিদ মিনারে রাত ১২.১ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করা সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের করা হয় ।সকাল ৯.৩০টায় নাটার ৪ নং প্রশিক্ষণ কক্ষে ডকুমেন্টারি ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক ড. মোঃ আবু স মিঞা। অনুষ্ঠানে মূল প্রবন্ধ হিসেবে বক্তব্য উপস্থাপন করেন লুপু রহমান,লাইব্রেরিয়ান। নাটার অ কর্মকর্তা ও কর্মচারী গণ বক্তব্য উপস্থাপন করেন । এরপর নাটার সম্মানিত মহাপরিচালক মহোদয় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণের উদ্দেশে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষে বক্তব্য করেন এবং সকল কে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।আলোচনা শেষে বাদ একাডেমির জামে মসজিদে ভাষা শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনা করা হয়।




শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উপলক্ষে আলোচনা সভায় নাটার ফ্যাকাল্টিবৃন্দ

## নাটায় "মুজিব বর্ষ" উদযাপন

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ রাষ্ট্রের প্রতিষ্ঠাতা। বাঙালি জাতির ভাগ্যনিয়ন্তা, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা, স্বাধীন সার্বভৌম বাংলাদেশের স্থপতি তিনি। গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় ১৯২০ সালের ১৭ মার্চ শেখ লুৎফুর রহমান ও সায়রা বেগমের ঘরে জন্মগ্রহণ করেন এক শিশু।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুস্পস্তবক অর্পন

পরিবারের সদস্যরা যাকে খোকা নামে ডাকত, তিনিই আমাদের বঙ্গবন্ধু। শোষণহীন রাষ্ট্রব্যবস্থা তিনি চেয়েছিলেন ছাত্রজীবনের প্রথম পর্বেই। আর রাজনৈতিক জীবনের শুরুতেই স্বপ্ন দেখেছিলেন স্বাধীন রাষ্ট্রের। ১৯৪৭ এ ভারত বিভাগের পর থেকে ১৯৭১ পর্যন্ত তিনি বাঙালি জাতিকে উদ্বুদ্ধ করেছিলেন স্বনিয়ন্ত্রিত শাসনের পক্ষে। ভাষা আন্দোলন, ৫৪'র যুক্তফ্রন্টের নির্বাচনে বিজয়ী হয়ে কৃষি ও সমবায় মন্ত্রী হওয়া, ৬৬'র ছয়দফা, ৬৯'র এর গণঅভুত্থান, ৭০'র নির্বাচনে নিরঙ্কুশ বিজয়, ৭১ এর মার্চে স্বাধীনতা ঘোষণা ও মুক্তিযুদ্ধের সূচনা, রাজনৈতিক প্রতিটি পর্বে প্রমাণ হয়, তিনিই বাঙালি জাতির শেষ আশ্রয়স্থল। তার শ্রম, রাজনৈতিক দূরদর্শিতা আর প্রজ্ঞার ফসল আজকের স্বাধীন বাংলাদেশ। এ স্বাধীন বাংলাদেশে ২০২০

সালে জাতি কৃতজ্ঞ চিত্তে উদযাপন করছে পিতার জন্মশতবার্ষিকী। ১৭ মার্চ, ২০২০ থেকে ১৬ মার্চ, ২০২১ পর্যন্ত সময় ঘোষণা করা হয় মুজিববর্ষ। তাঁর স্মরণে সমগ্র রাষ্ট্র গ্রহণ করেছে বর্ণিল কর্মকান্ড। এরই অংশ হিসেবে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর বাস্তাবায়ন করছে বছরব্যাপী কার্যক্রম। ২০২০ সালের ১৭ মার্চ মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। নাটার মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে সকল ফ্যাকাল্টিবৃন্দ ও বুনিয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীসহ বঙ্গবন্ধুর ম্যুরালে পুস্পস্তবক অর্পন করা হয়। মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি নাটা ক্যাম্পাসে প্রায় ৭০০ বৃক্ষরোপণ করা হয়।

## A Seminar on Life & Works of Bangabandhu for celebrating "Mujib Barsho"

মুজিববর্ষ হলো বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য ঘোষিত বর্ষ। ২০২০ সালের ১৭ মার্চ মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে এন-২৭তম এনএআরএস বুনিয়াদি প্রশিক্ষণার্থী কর্তৃক দেয়ালিকা "অর্ঘপত্রে মুজিব" উন্মোচন করা হয়। নাটার সম্মানিত মহাপরিচালক বুনিয়াদি প্রশিক্ষাণার্থীদের এমন সৃজনশীল কাজের প্রশংসা করেন। মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে A Seminar on "Life & Works of Bangabandhu for celebrating Mujib Barsho" সকাল ১১.০০ ঘটিকায় শুরু হয়। সেমিনারে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ আব্দুল মান্নান আকন্দ, ইউজিসি প্রফেসর ও সাবেক উপাচার্য, বশেমুরকৃবি, গাজীপুর। তিনি বঙ্গবন্ধুর বর্ণিল রাজনৈতিক জীবন, সামাজিক গুনাবলী, কৃতিত্ব ইত্যাদি উল্লেখ করেন মূল প্রবন্ধ উপস্থাপন করেন। বঙ্গবন্ধুর রাজনৈতিক ও কর্মময় জীবন নিয়ে ডকুমেন্টারি ও কবিতা আবৃত্তির মাধ্যমে সেমিনার শেষ হয়। সেমিনারের সভাপতি নাটার সম্মানিত মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিয়া সেমিনারে উপস্তিত সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। সেমিনার শেষে নাটার জামে মসজিদে মিলাদ ও দোয়ার আয়োজন করা হয় এবং এতিমদের মাঝে খাবার বিতরণ করা হয়।




"Life & Works of Bangabandhu for Celebrating Mujib Barsho"
শীর্ষক সেমিনারে আমন্ত্রিত অতিথিবৃন্দ

## জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) চত্ত্বরে বৃক্ষরোপণ

মুজিববর্ষ উপলক্ষে দেশব্যাপী ১ কোটি বৃক্ষের চারা রোপণ করা হবে। জাতীয় ভাবে এ মহান উদ্যোগের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে নাটার কর্মপরিকল্পনায় আছে জুন-জুলাই, ২০২০ সময়ে ক্যাম্পাসে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি। বৃক্ষরোপণ কর্মসূচি সুচারু রূপে বাস্তবায়নের লক্ষ্যে নাটার ফুড টেকনোলজি বিভাগের উপপরিচালক ড. মোঃ মঈন উদ্দিন মহোদয়কে আহ্বায়ক করে গঠন করা হয় ছয় সদস্যের কমিটি। একাডেমির মহাপরিচালক ড. মোঃ আবু সাইদ মিঞা মহোদয়ের নির্দেশনায় আহ্বায়ক কমিটির পরিকল্পনায় নাটার অফিস ক্যাম্পাস ও আবাসিক এলাকায় রোপণ করা হয় বৃক্ষের চারা। নাটা'র খামার এলাকায় রাস্তার পাশে সকল কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতিতে তালের চারা রোপণ করে এ কর্মসূচির শুভ উদ্বোধন করেন একাডেমির সম্মানিত মহাপরিচালক। তাল, সুপারি, নিম, দারুচিনি, আলু বোখারা, বেল, কদবেল, আমড়া, পেঁপে, লেবু, পেয়ারা'র উন্নত জাতের ৭ শতাধিক চারা রোপণ করা হয়। এসকল চারার দেখভাল ও পরিচর্যায় নিয়োজিত আছেন নাটার নিবেদিত প্রাণ শ্রমিকগণ। অতিযত্নে রোপণকরা এসকল চারা বেড়ে উঠে বৃক্ষরাজিতে পরিণত হয়ে সৌন্দর্য বর্ধনের পাশাপাশি একাডেমি ও এর পার্শ্ববর্তী এলাকার পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিশেষ করে ৪শত তালের চারা সঠিক ভাবে বেড়ে উঠলে অদূর ভবিষ্যতে, নাটা ক্যাম্পাসসহ পার্শ্ববর্তী এলাকার জন্য বজ্রপাত নিরোধে বর্ম হিসেবে কাজ করবে। মুজিববর্ষ উপলক্ষে গৃহীত নাটার এ মহতী উদ্যোগ হবে সফল, সার্থক।



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে বৃক্ষরোপণ করছেন নাটার মহাপরিচালক মহোদয়

## স্পন্সরড প্রশিক্ষণ বিবরণী

### NATP Phase-2 প্রকল্পের আওতায় ডিএই কর্মকর্তাদের শস্য উৎপাদন প্রযুক্তি (সিপিটি) শীর্ষক প্রশিক্ষণ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুরে ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগাম ফেজ-২ প্রজেক্ট (NATP-2), ডিএই-পার্ট এর অর্থায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাদের আধুনিক শস্য উৎপাদন প্রযুক্তি শীর্ষক ২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । উক্ত প্রশিক্ষণে ১০ (দশ) ব্যাচে ২৫ জন করে মোট ২৫০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয় । প্রশিক্ষণ কোর্সে কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন নাটার উপপরিচালক মোঃ জামাল উদ্দীন এবং আনোয়ারা আখতার। প্রশিক্ষণে সার্বিক সহকারী কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন সিনিয়র সহকারী পরিচালক মোঃ

সাইফুল ইসলাম এবং শামীমা আক্তার। দুইদিনের প্রশিক্ষণে প্রশিক্ষার্থীদের ট্রাইকোকম্পোস্ট, ভার্মিকম্পোস্ট, ফ্রুট... ব্যবস্থাপনা, ফুড প্রসেসিংসহ গুরুত্বপূর্ণ ফসলের উৎপাদন প্রযুক্তি, আইপিএম, ফ্রুটব্রাগিং, আধুনিক ধানের চাষাবাদ ও ... বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। বিষয় উপযোগী অভিজ্ঞ ও দক্ষ প্রশিক্ষকমন্ডলী দ্বারা ক্লাস পরিচালনা করা ... তাদের মধ্যে অন্যতম ছিলেন কৃষি গবেষণায় ড. বাবুল চন্দ্র সরকার, ড. মোছাম্মৎ শামছুন্নাহার ও বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ... মহাপরিচালক জীবন কৃষ্ণ বিশ্বাসসহ নাটার ফ্যাকাল্টি মেম্বারগণ। প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা এরকম ... সময়োপযোগী ও প্রাসঙ্গিক প্রশিক্ষণ আয়োজন করার জন্য এনএটিপিসহ নাটা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানায়।



NATP Phase-2 প্রকল্পের আওতায় ডিএই কর্মকর্তাদের
শস্য উৎপাদন প্রযুক্তি (সিপিটি) শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীবৃন্দ

## নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

০৮ মার্চ থেকে ১২মার্চ পর্যন্ত নাটার সবুজ শ্যামল চত্ত্বরে,কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত ১৪টি প্রতিষ্ঠানসমুহের কর্মকর্তা... জন্য নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছিল। এই প্রশিক্ষণে অংশগ্রহন করেন ... মন্ত্রণালয়ের আওতাভুক্ত ১৪টি প্রতিষ্ঠান যথা-কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ ... গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ সুগার... গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, তুলা উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট,কৃষি তথ্য সার্ভিস,বীজ প্রত্যয়ন এজেন্সী, কৃষি বিপনন অধিদপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের ৩০ জন কর্মকর্তা। এই প্রশিক্ষণ কর্মশালার মূল উদ্দেশ্য ছিল - নাগরিক সেবায় জনবান্ধবতার নিয়ামক (TCV) এবং সেবাগ্রহীতার প্রেক্ষিত অনুধাবন করা,সেবায় উদ্ভাবনী ধারণা সৃজন ও বাস্তব... পরিকল্পনা প্রণয়ন এবং ইনোভিশন টিমের বাঁষিক কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিতকরণ। প্রশিক্ষণ কর্মশালায় ২৫টি সেশন... কর্ম দিবসে সম্পন্ন হয়েছে, রির্সোস স্পিকার হিসেবে ছিলেন ড. মোহাম্মদ জিয়াউল ইসলাম,সিস্টেম এনালিস্ট, বিপিএটি... সাভার ঢাকা এবং জনাব আবদুল মালেক, উপজেলাকৃষি অফিসার (এলআর), এটুআই, প্রধানমন্ত্রীর কাঁযালয়। এই কোর্স... একটি ব্যতিক্রমধর্মী কোর্স কারণ এতে প্রশিক্ষণার্থীগণ সেবা গ্রহীতা হিসেবে নিজ পরিচয় গোপন করে বিভিন্ন অফিস... পরিদর্শন করেন এবং জনগণের ভোগান্তি অনুধাবন ও কারণ অনুসন্ধান করেন। পরবর্তীতে প্রশিক্ষণার্থীগণ সেবাগ্রহীতা হিসেবে পরিচয় গোপন করে নিজ দপ্তরের অফিস পরিদর্শন করেন । নিজ দপ্তর ও ভিন্ন দপ্তর, উভয় অফিস পরিদর্শন শেষে প্রশিক্ষণার্থীগণ তাদের অভিজ্ঞতা উপস্থাপন করেন। এতে প্রশিক্ষণার্থীগণ নাগরিক সেবায় সহানুভূতি ও দরদ দিয়ে ... করতে পারবে এবং সহজে, কম সময়ে, কম খরচে অর্থাৎ (TCV) কমিয়ে কিভাবে জনগণের দ্বারগোড়ায় সেবা পৌঁছে ... যায় সে অনুযায়ী প্রকল্প তৈরি করতে পারবে । নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় কোর্স উপদেষ্টা ... কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন নাটার সম্মানিত মহাপরিচালক ড. মোঃ আবু সাঈদ মিঞা। উক্ত কো... কোঅর্ডিনেটর ড. মোঃ ছাইদুর রহমান, উপপরিচালক (প্রশাসন ও সার্পোট সার্ভিস) এবং সহকারী কোর্স কোঅর্ডিনেটর ছি... জনাব হাফিজ হাসান, সিনিয়র সহকারী পরিচালক, নাটা , গাজীপুর।




নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীবৃন্দ

## "এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন" বিষয়ক প্রশিক্ষণ

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট সমূহের কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় "এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন" বিষয়ক প্রশিক্ষণ নাটায় অনুষ্ঠিত হয়। দুইদিন ব্যাপী প্রশিক্ষণে টিচিং মেথড, গণকর্মচারীদের শৃঙ্খলা ও আপিল বিধিমালা, পরিবেশ বান্ধব ফসল সুরক্ষা পদ্ধতির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। মোট চার ব্যাচে ১০০ (একশত) জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহন করেন।




এটিআই কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণার্থীবৃন্দ

| ব্যাচ নম্বর | তারিখ | মোট প্রশিক্ষণার্থী |
|---|---|---|
| ০১. | ০৮-১০ ফেব্রুয়ারি/২০২০ | ২৫ জন |
| ০২. | ০৮-১০ ফেব্রুয়ারি/২০২০ | ২৫ জন |
| ০৩. | ২৫-২৭ ফেব্রুয়ারি/২০২০ | ২৫ জন |
| ০৪. | ২৫-২৭ ফেব্রুয়ারি/২০২০ | ২৫ জন |

### শুদ্ধাচার পুরস্কার (২০১৯-২০)

জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প "সুখী-সমৃদ্ধ সোনার বাংলা" এবং অভিলক্ষ্য "রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা।" তারই ধারাবাহিকতায় শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার কর্ম- পরিকল্পনায় সরকারি কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত হয়েছে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর ২০১৯-২০২০ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে আগ্রহী কর্মকর্তা ও কর্মচারীদের নির্ধারিত ছকে আবেদনের আহ্বান জানা জমাকৃত আবেদনগুলো জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রীপরিষদ বিভাগের জারিকৃত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১ এ বর্ণিত শুদ্ধাচার পুরস্কারের সূচকের আলোকে নাটার শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি মূল্যায়ন করেন। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনে নিষ্ঠা, সততা ও দক্ষতার স্বীকৃতি স্বরুপ গ্রেড ১-১০ ভুক্ত কর্মকর্তা জনাব মোছাঃ শারমীন আখতার, সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ পেষ্ট), নাটা, গাজীপুর এবং গ্রেড ১১-২০ ভুক্ত কর্মকর্তা জনাব ফেরদৌস আরা, ডেমোনেস্ট্রেটর (ল্যাব)-কে ২০১৯-২০২০ অর্থবছরের "শুদ্ধাচার পুরস্কার" প্রদান করা হয়। মনোনীত কর্মচারীদের পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং একমাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হয়।



মহাপরিচালক মহোদয় কর্তৃক ২০১৯-২০২০ অর্থবছরের "শুদ্ধাচার পুরস্কার" প্রদান

## কোভিড-১৯ মহামারী রোধকল্পে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ

বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘোষিত কোভিড-১৯ অর্থাৎ করোনা ভাইরাস মোকাবিলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত দ্রুত পদক্ষেপের কারণে বাংলাদেশের মত ঘনবসতিপূর্ণ এলাকায় এখনও করোনা ভাইরাসের সংক্রমণ এবং এর কারণে সংঘটিত মৃত্যুর সংখ্যা তুলনামুলক কম। বাংলাদেশে প্রথম করোনা ভাইরাসের রোগী সনাক্ত হয় ৮ মার্চ ২০২০। ২৬ মার্চ ২০২০ থেকে শুরু হয় সাধারণ ছুটি। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে করোনা ভাইরাস রোধকল্পে গৃহীত পদক্ষেপ সমূহঃ

১. সাধারণ ছুটি ঘোষণার অব্যবহিতকাল পূর্বেই চলমান N-27 th Foundation Training for NARS Scientists এর প্রশিক্ষণ কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য স্থগিতকরণের দ্রুত পদক্ষেপে গ্রহণ করা হয়। প্রশিক্ষণার্থীদের নিরাপত্তা ও সংক্রমণ রোধে গৃহীত পদক্ষেপ এবং তাদের নিজ নিজ আবাসস্থল/কর্মস্থলে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ করা।

২. সাধারণ ছুটিকালীন কর্মস্থল ত্যাগের নিষেধাজ্ঞা বাস্তবায়ন করা এবং সীমিত পরিসরে রোস্টার এর মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতিতে অফিস কার্যক্রম পরিচালনা।

৩. স্বাস্থ্যবিধি অনুসরণ যেমন - কর্মস্থলে 'মাস্ক' পরিধান, সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ, ঘন ঘন সাবান পানিতে হাত ধোয়া এবং জ্বর/কাশি/গলা ব্যাথা অর্থাৎ সন্দেহজনক লক্ষণ সম্পন্ন ব্যক্তিদের আইসোলেশন এবং দ্রুত চিকিৎসা নিশ্চিত করা।

৪. করোনাভাইরাস মোকাবেলায় দ্রুত প্রয়োজনীয় সরঞ্জাম এবং সুরক্ষা সামগ্রী ক্রয় করা এর মধ্যে রয়েছে
- 02 টি Infrared Thermal Scanner (তাপমাত্রা পরিমাপক যন্ত্র)
- 01 টি Pulse Oxymeter
- চিকিৎসকের ব্যবহার্য PPE (Personal Protective Equipment), Hand gloves, Hexisole সহ যাবতিয় সুরক্ষা সামগ্রী চিকিৎসককে প্রদান করা যাতে করোনা উপসর্গযুক্ত রোগীকে চিকিৎসা প্রদান ব্যহত না হয়।

৫. কর্মপরিবেশের সুরক্ষা নিশিত করার জন্য দৈনিক ০২ থেকে ০৩ বার জীবানুনাশক মিশ্রিত পানি দ্বারা অফিসকক্ষ, করিডোর, সম্ভাবনাযুক্ত পথগুলোকে জীবানুমুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৬. এছাড়া প্রবেশপথগুলোতে, মসজিদ, গণশৌচাগার এবং আরো কিছু স্থানে সাবান পানি দিয়ে হাত ধোয়ার জন্য প্রয়োজনীয় সাবান এবং অন্যান্য উপকরণ সরবরাহ করা হয়েছে।

সর্বোপরি নাটায় কর্মরত জনবলকে সর্বোচ্চ সচেতনতা অর্জন করা সম্ভব হয়েছে। নাটার আবাসিক এলাকাতে চলাচল সীমিত রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ।



**কোভিড-১৯ মহামারী রোধকল্পে নাটার মেইন গেইটে Infrared Thermal Scanner যন্ত্রের মাধ্যমে তাপমাত্রা নির্ণয়**

# মানুষের শরীরের করোনোভাইরাস এর বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির কৌশল

নতুন করোনাভাইরাসের কারণে হওয়া রোগের বিশ্বস্বাস্থ্য কর্তৃক প্রদত্ত আনুষ্ঠানিক নাম কোভিড-১৯। এটি 'করোনা ভাইরাস ডিজিজ ২০১৯-এর সংক্ষিপ্ত রূপ। পৃথিবীজুড়ে এখন একটাই আতঙ্ক মানুষকে গ্রাস করেছে; তা হল করোনা ভাইরাস। কোনো প্রতিষেধক তৈরি না হওয়ায় ফিজিক্যাল ডিসট্যান্সিং বজায় রাখা, লকডাউন ও সেল্ফ আইসোলেশনে থাকার মতো সাবধানতা অবলম্বনের পাশাপাশি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর কথা বলছেন চিকিৎসকেরা এবং পুষ্টিবিদগণ। যাঁদের রোগপ্রতিরোধ ক্ষমতা কম বা অন্যান্য বড় অসুখে ভুগছেন, যেমন: ডায়বেটিস, ফিজিক্যাল ডিস্ট্যান্সিং, হৃদরোগ, অ্যাজমা ইত্যাদি এই রোগীদের করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি। তাই ইমিউনিটি বাড়ানোর কথা বলা হচ্ছে।

'নভেল' করোনাভাইরাস কি?

নভেল করোনাভাইরাস (সিওভি) হলো করোনাভাইরাসের এক নতুন প্রজাতি।

নভেল করোনাভাইরাসের মাধ্যমে সৃষ্ট এই রোগটি প্রথম চীনের উহান প্রদেশে চিহ্নিত হয়েছিল। তখন থেকেই রোগটির নাম করা হয়েছিল করোনাভাইরাস রোগ ২০১৯ (কোভিড-১৯)। করোনা থেকে 'কো' , ভাইরাস থেকে 'ভি', এবং 'ডিজিজ' বা 'রোগ' থেকে 'ডি' নিয়ে এর সংক্ষিপ্ত নামকরণ করা হয়। আগে এই রোগকে '২০১৯ নভেল করোনাভাইরাস' বা '২০১৯-এনসিওভি' বলা হতো।

ইমিউনিটি বা রোগ প্রতিরোধ ক্ষমতা কী?

ইমিউনিটি হল মানবদেহের নিজস্ব রোগ প্রতিরোধ ব্যবস্থা।

এই প্রক্রিয়া সাধারণত দেহের জন্য উপকারী। কিন্তু কোন কোন সময় অধিকমাত্রায় ক্রিয়াশীল হলে শরীরের জন্য তা ক্ষতিকারক বটে। কারণ ইমিউনিটি ব্যবস্থা তার ভারসাম্য হারিয়ে ফেললে, শরীরের পক্ষে ক্ষতিকর উপাদান ধ্বংস করতে গিয়ে দেহের জন্য দরকারী এবং উপকারী উপাদানগুলোকে ধ্বংস করে জটিল রোগের সৃষ্টি করতে পারে। এই ক্ষতিকর প্রতিক্রিয়ার নাম হচ্ছে অতিসংবেদনশীলতা বা হাইপারসেন্সিটিভিটি।

ইমিউনিটি দুই প্রকার- এক, Innate Immunity বা ইনবর্ন প্রতিরোধ যা জন্মগতভাবে প্রাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা এবং দুই, Acquired Immunity বা অর্জিত প্রতিরোধ।

ইন্নেট ইমিউনিউটি Innate Immunity হল একরকম রোগ প্রতিরোধ ক্ষমতা যা মাতৃগর্ভে থাকার সময় জন্ম নেয়। এই প্রতিরোধ ব্যবস্থা কোনও জীবাণুর সঙ্গে পরিচয় ঘটার আগে থেকেই মানুষের শরীরে কাজ করতে থাকে।একটি প্রকারের প্রাকৃতিক অনাক্রম্যতা যা উত্তরাধিকারসূত্রে বা জেনেটিক প্রবণতার উপর ভিত্তি করে। এই ধরনের অনাক্রম্যতা জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সুরক্ষা প্রদান করে। ইননেটের অনাক্রম্যতা বহিরাগত সুরক্ষা (প্রতিরক্ষা প্রথম লাইন) এবং অভ্যন্তরীণ সুরক্ষা (প্রতিরক্ষা দ্বিতীয় লাইন) গঠিত। অভ্যন্তরীণ নিরাপত্তার মধ্যে রয়েছে জ্বর, সম্পূরক সিস্টেম, প্রাকৃতিক খুনী (এনকে) কোষ, প্রদাহ, ফ্যাগোসাইট এবং ইন্টারফেরন। ইনটেনটি অনাক্রম্যতা জেনেটিক অনাক্রম্যতা বা পারিবারিক অনাক্রম্যতা হিসাবেও পরিচিত।

অর্জিত অনাক্রম্যতা – Acquired বা অর্জিত প্রতিরোধ ক্ষমতা হচ্ছে একরকম রোগ প্রতিরোধ ক্ষমতা যা জন্মের পর কোনও জীবাণু দ্বারা সংক্রমিত হওয়ার পর সৃষ্টি হয় এবং একই জীবাণু দ্বারা বারবার সংক্রমিত হওয়ার ফলে অধিকতর শক্তিশালী হয়। এই ক্ষমতা সুনির্দিষ্ট এক বা একাধিক পরিচিত জীবাণুর বিরুদ্ধে কাজ করে থাকে। অর্জিত বা অভিযোজিত (Adaptation) অনাক্রম্যতা প্রতিরক্ষা শরীরের তৃতীয় লাইন। এটি নির্দিষ্ট ধরণের জীবাণুর বিরুদ্ধে সুরক্ষা। অর্জিত অনাক্রম্যতা প্রকৃতির প্রাকৃতিক বা কৃত্রিম হতে পারে। উভয় প্রাকৃতিক এবং কৃত্রিম অনাক্রম্য প্যাসিভ এবং সক্রিয় উপাদান। সক্রিয় অনাক্রম্যতা একটি সংক্রমণ বা একটি টিকা থেকে ফলাফল, যখন নিষ্ক্রিয় অনাক্রম্যতা স্বাভাবিকভাবেই বা কৃত্রিমভাবে অ্যান্টিবডি থেকে আসে ।

